আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর আমি তোমাদের নিকট এসেছি তোমাদের পালনকর্তার নিদর্শনসহ। কাজেই আল্লাহকে ভয় কর এবং আমার অনুসরণ কর।

সূরা আল ইমরান ৫০

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৭ জুলাই ২০২৬ ॥ ২২ মহররম ১৪৪৮ ॥ ২২ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সরকার গ্রামীণ জনপদের উন্নয়নে বদ্ধপরিকর : স্থানীয় সরকার মন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

গ্রামীণ জনপদের উন্নয়নে সরকার বদ্ধপরিকর মন্তব্য করে স্থানীয় সরকারমন্ত্রী ও বিএনপির মহাসচিব মির্জা ২ এর পাতায় দেখুন

এলডিসি উত্তরণের প্রস্তুতিতে অর্থনীতি-রাজনীতির সমন্বয়ে জোর তথ্যমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক

এলডিসি উত্তরণের পর বাংলাদেশের সামনে যে বহুমাত্রিক অর্থনৈতিক ও রপ্তানি চ্যালেঞ্জ তৈরি হবে, তা মোকাবিলায় ২ এর পাতায় দেখুন

ডিসেম্বরেই শিক্ষার্থীদের হাতে নতুন পাঠ্যবই তুলে দেওয়া হবে: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

ডিসেম্বরেই শিক্ষার্থীদের হাতে নতুন বছরের পাঠ্যবই তুলে দেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা ২ এর পাতায় দেখুন

ইউনিয়ন ও পৌরসভায় অক্টোবরে ভোটের আয়োজন চলছে: ইসি

কীর্তনখোলা ডেস্ক

আগামী অক্টোবরে ইউনিয়ন পরিষদ, পৌরসভাসহ স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

ফিরছে আন্তর্জাতিক ক্রিকেটের জৌলুস

নতুন রূপে বরিশাল স্টেডিয়াম

কীর্তনখোলা রিপোর্ট

দীর্ঘ ২১ বছরের স্থবিরতা কাটিয়ে অবশেষে আলোর মুখ দেখছে কীর্তনখোলা নদীর তীরের কবি জীবনানন্দ দাস স্টেডিয়াম। প্রায় ৬৫ কোটি টাকা ব্যয়ে জাতীয় ক্রীড়া পরিষদের অধীনে চলমান মেগা আধুনিকায়ন প্রকল্পের কাজ এখন শেষ পর্যায়ে। সব ঠিক থাকলে চলতি বছরের শেষ নাগাদ এখানে আবারও আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ের ম্যাচ আয়োজনের জোর পরিকল্পনা করছে ক্রিকেট বোর্ড। ২০২২ সালে শুরু হওয়া এই মেগা প্রকল্পের ছোঁয়ায় স্টেডিয়ামটিতে এখন দৃশ্যমান অত্যাধুনিক প্যাভিলিয়ন, আন্তর্জাতিক মানের মিডিয়া সেন্টার, প্যাসেঞ্জার লিফট আর ইনডোর প্র্যাকটিস নেট। ইতিমধ্যে মূল পিচের কাজও শেষ হয়েছে। দীর্ঘ ২১ বছর পর নতুন করে জ্বলে উঠেছে আধুনিক ফ্লাড লাইট, যার আলোয় আলোকিত পুরো স্টেডিয়াম এলাকা। এখন শুধু অপেক্ষা আউটফিল্ডে সবুজ ঘাসের গালিচা বিছানোর। অতীতে অব্যবস্থাপনা আর নানা অনিয়মের কারণে দীর্ঘ সময় জাতীয় ও আন্তর্জাতিক ম্যাচ থেকে বঞ্চিত ছিল এই মাঠ। তবে বর্তমান সংস্কারের ফলে নতুন করে স্বপ্ন দেখছেন স্থানীয় ক্রিকেটাররা। স্থানীয় অনূর্ধ্ব-১৯ দলের উদীয়মান পেসার রাফসান বলেন, 'গত কয়েক বছর ধরে এই মাঠের যে অবহেলা আমরা দেখেছি, তা অত্যন্ত দুঃখজনক। কর্তৃপক্ষের উদাসীনতা ও অব্যবস্থাপনার কারণে বছরের পর বছর এখানে কোনো বড় ম্যাচ হয়নি। একটা আন্তর্জাতিক মানের মাঠকে ফেলে রেখে আমাদের ক্যারিয়ার ধ্বংসের মুখে ঠেলে দেয়া হয়েছিল।' স্থানীয় ক্রিকেটার আসিফ জানান, 'অতীতে মাঠের দেখভালের নামে নানা অনিয়ম হয়েছে। ঠিকঠাক প্র্যাকটিস পিচ ছিল না, ড্রেসিংরুমের অবস্থা ছিল বেহাল। ফ্লাডলাইটগুলো নষ্ট হয়ে অন্ধকার পড়ে ছিল ২১ বছর। এখন সংস্কার হওয়ায় ভালো লাগছে, তবে ২ এর পাতায় দেখুন

চোখের চিকিৎসায় মহাপরিকল্পনা, বৈশ্বিক সম্মেলনে সহ-আয়োজক বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক

স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত বলেছেন, দৃষ্টিহীন হয়ে পড়া প্রায় ১০ লাখ মানুষের অন্ধত্ব দূর করতে সারাদেশে বিনামূল্যে ও সুলভ মূল্যে চোখের ছানি অপারেশনের মহাপরিকল্পনা হাতে নিয়েছে সরকার। একই সঙ্গে আগামী নভেম্বরে অ্যান্টিগায় বিশ্বের প্রথম 'গ্লোবাল সামিট অন আই হেলথ' (বৈশ্বিক চক্ষু স্বাস্থ্য সম্মেলন)-এ আয়োজক দেশ অ্যান্টিগার পাশাপাশি বাংলাদেশ যৌথভাবে 'কো-হোস্ট' হিসেবে ভূমিকা রাখবে, যেটিতে চূড়ান্ত সম্মতি দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (৬ জুলাই) সচিবালয়ে মন্ত্রিপরিষদ দপ্তরে প্রধানমন্ত্রীর সঙ্গে অন্ধত্ব প্রতিরোধ বিষয়ক আন্তর্জাতিক সংস্থা আইএপিবি-এর প্রধান নির্বাহী পিটার হল্যান্ডের সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ড. এম এ মুহিত। স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে এ মুহূর্তে প্রায় ১০ লাখ মানুষ চোখের ছানি অপারেশনের অভাবে দৃষ্টি প্রতিবন্ধী কিংবা অন্ধত্ব বরণ করে আছেন। ২ এর পাতায় দেখুন

অর্থনৈতিক অগ্রগতির প্রধান শর্ত দক্ষ জনশক্তি গড়ে তোলা: সরোয়ার এমপি

কীর্তনখোলা রিপোর্ট

'উন্নত পল্লী-সমৃদ্ধ দেশ, সবার আগে বাংলাদেশ' প্রতিপাদ্যে বরিশালে জাতীয় পল্লী উন্নয়ন দিবস-২০২৬ উদ্?যাপিত হয়েছে। দিবসটি উদ্?যাপন উপলক্ষে সোমবার নগরীর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র প্রাঙ্গণ থেকে বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালি শেষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বরিশালের আয়োজনে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বরিশাল সদর আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মোঃ মজিবর রহমান সরোয়ার। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, আধুনিক ও কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে আমাদের তরুণ-তরুণীদের তথ্য প্রযুক্তি নির্ভর বিভিন্ন কর্মমুখী বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তুলতে পারলে তারা দেশে-বিদেশে কর্মসংস্থানের সুযোগ ২ এর পাতায় দেখুন

দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে হচ্ছে শিক্ষামেলা

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষামেলা আয়োজনের অনুমতি দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ফাউন্ডেশন অব এডুকেশনাল ট্রান্সপারেন্সির (এফইটি) উদ্যোগে এ মেলার আয়োজন করা হবে। তবে এ কার্যক্রম পরিচালনায় তিনটি শর্ত বেঁধে দিয়েছে মন্ত্রণালয়। সোমবার (৬ জুলাই) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। মন্ত্রণালয়ের শর্ত অনুযায়ী, শিক্ষামেলার সঙ্গে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কোনো ধরনের আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না। তবে মেলায় শিক্ষার্থীদের জন্য শিক্ষামূলক বইয়ের প্রদর্শনীর পাশাপাশি মনন বিকাশে সহায়ক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করতে হবে। পাশাপাশি শিক্ষার্থীদের ২ এর পাতায় দেখুন

আবহাওয়ার তারতম্যে বরিশালে কৃষকদের মাঝে উদ্বেগ

কীর্তনখোলা রিপোর্ট

আবহাওয়ার নানামুখি বিরূপ আচরনে বরিশাল কৃষি অঞ্চলে চলতি খরিপ-২ মৌসুমে প্রায় ৯লাখ হেক্টরে আমন আবাদের মাধ্যমে ২৪ লাখ টন চাল উৎপাদন নিয়ে নানামুখি সংশয়ের সাথে উদ্বেগও কাজ করছে কৃষিযোদ্ধাদের মাঝে। প্রায় ১৪ লাখ টন খাদ্য উদ্বৃত্ত বরিশাল কৃষি অঞ্চলে গত বছর খরিপ-২ মৌসুমে নানা প্রকৃতিক দূর্যোগ মোকাবেলা করেও প্রায় ৮.৮৫ লাখ হেক্টরে ২৩.৮৪ লাখ টন আমন চাল ঘরে তুলেছিলেন কৃষিযোদ্ধাগন।

চলতি মৌসুমেও এ অঞ্চলে প্রায় ৮ লাখ ৯০ হাজার হেক্টরে ২৪ লাখ টন আমন চাল উৎপাদনের লক্ষ্য নির্ধারন করেছে কৃষি মন্ত্রনালয়। কিন্তু ইতোমধ্যে আবাহাওয়ার নানামুখি খামখেয়ালিপনায় উদ্বিগ্ন কৃষিযোদ্ধাগন। মাঠ পর্যায়ের কৃষিবদিগনও পরিস্থিতির ওপর নজর রাখছেন। বৃষ্টির অভাবে এখন পর্যন্ত আমন বীজতলা তৈরি করতে পারছেন না কৃষকগন। চলতি মৌসুমে বরিশাল অঞ্চলে প্রায় ৯ লাখ হেক্টরে রোপা আমনের আবাদ সম্পন্ন করতে কমপক্ষে ১.৮০ লাখ হেক্টরে বীজতলা তৈরী করতে হবে। কিন্তু কাঙ্খিত বৃষ্টির অভাবে এখনো আমন বীজতলার অনুকুল পরিবেশ তৈরি হয়নি। অথচ সময়মত বীজতলা তৈরি ও বীজ উৎপাদন সম্ভব না হলে রোপা আমনের আবাদ অনিশ্চিয়তা তৈরি হতে পারে বলে মনে করছেন কৃষিবীদগন। তবে ধান গবেষনা ইনস্টিটিউট ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বিষয়টি নিয়ে এখনই কোন মন্তব্য করতে রাজি নয়। ডিএই'র একটি দায়িত্বশীল মহলের মতে, গত ১৫ জুনের পরে দক্ষিণাঞ্চলে আমন ২ এর পাতায় দেখুন

হাম উপসর্গে আরও ৩ শিশুর মৃত্যু আক্রান্ত ১১০৬ জন

কীর্তনখোলা ডেস্ক

হামের উপসর্গ নিয়ে সারাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩ শিশুর মৃত্যু হয়েছে। একইসঙ্গে নতুন করে আক্রান্ত হয়েছে ১ হাজার ১০৬ জন। সোমবার (৬ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হাম বিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে বলা হয়েছে, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৬৪৮ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৩ শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৭৪১ শিশু মারা গেছে। এছাড়া, ২৪ ঘণ্টায় ১৫৯ শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৯৪৭। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে সোমবার পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ লাখ ৬ হাজার ৫৬৫, আর নিশ্চিত ২ এর পাতায় দেখুন

নগরীতে ছাত্রীদের উত্ত্যক্তের অভিযোগে ৪ বখাটে আটক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর জগদীশ সারস্বত স্কুল অ্যান্ড কলেজের সামনে ছাত্রী ও তাদের অভিভাবকদের উত্ত্যক্ত করার অভিযোগে চার যুবককে আটক করেছে বরিশাল মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। সোমবার (৬ জুলাই) দুপুরে অভিযোগের ভিত্তিতে শিক্ষাপ্রতিষ্ঠানটির সামনে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পরে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাদের বরিশাল কোতোয়ালি মডেল থানায় হস্তান্তর করা হয়। আটকরা হলেন নগরীর কালীবাড়ি রোড এলাকার সোহরাব হোসেন খানের ছেলে হাসান মাহমুদ ২ এর পাতায় দেখুন

ছাত্রলীগ কর্মী বাবু হত্যা: মেহেন্দীগঞ্জে কৃষক দলের ৩ নেতা বহিষ্কার

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দীগঞ্জে কৃষক দলের তিন নেতাকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে। মেহেন্দীগঞ্জ সদর ইউনিয়ন কৃষক দলের সভাপতি শাহীন সিকদার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। তাঁরা সবাই সম্প্রতি সংঘটিত নিষিদ্ধঘোষিত সংগঠন ছাত্রলীগের কর্মী মাহাবুব আলম বাবু হত্যা মামলার এজাহারভুক্ত আসামি। বহিষ্কৃত তি ন হলেন ৫ নম্বর ওয়ার্ড কৃষক দলের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর মাল, যুগ্ম সম্পাদক বজলু বয়াতী ও সাংগঠনিক সম্পাদক সাইফুল হাওলাদার। এঁদের মধ্যে জাহাঙ্গীর মাল কারাগারে এবং বাকি দুজন পলাতক। বহিষ্কারের কারণ হিসেবে দলীয় শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার বিষয় উল্লেখ ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেনঃ বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুনঃ

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

প্রধানমন্ত্রী প্রতিশোধ-প্রতিহিংসার রাজনীতি বিশ্বাস করেন না —চিফ হুইপ

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী দীর্ঘদিন অন্যায়-অবিচারের শিকার হয়েছেন, কিন্তু তিনি প্রতিশোধপরায়ণ বা প্রতিহিংসার রাজনীতিতে বিশ্বাস করেন না বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ মো. নূরুল ইসলাম। তিনি বলেন, প্রতিশোধপরায়ণ বা প্রতিহিংসার রাজনীতি নয়, দেশের প্রতিটি নাগরিকের নিরাপত্তা ও ন্যায়বিচার নিশ্চিত করাই বর্তমান সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। আইন প্রয়োগ ও শাস্তির বিধান কার্যকর রেখে জনগণের নিরাপত্তা নিশ্চিত করাই সরকারের লক্ষ্য। সোমবার (৬ জুলাই) জাতীয় সংসদ ভবনে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি সহযোগিতায় খসড়া বিষয়ে কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারদের সঙ্গে আয়োজিত এক পরামর্শ সভায় ২ এর পাতায় দেখুন

বৈরী আবহাওয়ায় সাগরে ট্রলার ডুবে ৬ জেলে নিখোঁজ

রাঙ্গাবালী প্রতিনিধি

বঙ্গোপসাগরে মাছ ধরতে গিয়ে বৈরী আবহাওয়া ও তীব্র ঢেউয়ের কবলে পড়ে ট্রলারডুবির ঘটনায় নিখোঁজ রয়েছেন ৬ জেলে। এছাড়া ট্রলারের অংশ ও বয়া আঁকড়ে থাকা ৫ জেলে জীবিত উদ্ধার হয়েছেন। রোববার (৫ জুলাই) রাত ১০টার দিকে পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলা উপকূল থেকে প্রায় ৬০ কিলোমিটার দক্ষিণে বঙ্গোপসাগরে এ ঘটনা ঘটে। উদ্ধার হওয়া জেলে বাইজিদ (৩০) জানান, পানপট্টি ইউনিয়নের খরিদা গ্রামের ইমাদুল সিকদারের মালিকানাধীন ট্রলারে মোট ১১ জন জেলে শনিবার রাতে মাছ ধরতে বঙ্গোপসাগরে যান। রোববার রাত ১০টার দিকে সাগরে তীব্র স্রোত ও ঢেউয়ের আঘাতে ট্রলারটি ডুবে যায়। এরপর তারা ডুবে ২ এর পাতায় দেখুন

অটোরিকশায় চার্জ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে স্বামী-স্ত্রীর মৃত্যু

বরগুনা প্রতিনিধি

বরগুনা সদর উপজেলায় নিজ বাড়িতে অটোরিকশায় চার্জ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী-স্ত্রীর মৃত্যু হয়েছে। এসময় তাদের উদ্ধার করতে গিয়ে বড় মেয়েও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আহত হয়েছে। সোমবার (৬ জুলাই) সকাল সাড়ে ৮টার দিকে সদর উপজেলার ৭ নম্বর ঢলুয়া ইউনিয়নের ডালভাঙা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন, ওই এলাকার আব্দুর রশিদের ছেলে মো. বেল্লাল (৪৫) এবং তার স্ত্রী মোসা. কমলা (৪০)। আহত হয়েছে তাদের বড় মেয়ে আরিফা (১২)। স্থানীয় ও স্বজনরা জানান, বাড়িতে গরুর খামার নির্মাণ করছিলেন বেল্লাল। নির্মাণকাজ প্রায় শেষ হওয়ায় খামারের জন্য টিন কিনতে অটোরিকশা নিয়ে বাজারে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন তিনি। এসময় চার্জে থাকা অটোরিকশার বিদ্যুৎ সংযোগ খুলতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হন। স্বামীকে উদ্ধার করতে গিয়ে স্ত্রী কমলা এবং পরে তাদের বড় মেয়ে আরিফাও বিদ্যুৎস্পৃষ্ট হন। ঘটনাটি টের পেয়ে স্থানীয়রা প্রথমে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করেন। পরে তিনজনকে উদ্ধার করে বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক বেল্লাল ও কমলাকে মৃত ঘোষণা করেন। আহত আরিফাকে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

ব্যবহার নিয়ন্ত্রণ করুন

দেশে কীটনাশকের ব্যবহার দ্রুত বাড়ছে। কীটনাশকের প্রভাবে দূষণ বাড়ছে। উপকারী কীটপতঙ্গ, অণুজীব, মাছসহ জলজ প্রাণী কমছে। দীর্ঘ মেয়াদে তার ক্ষতিকর প্রভাব পড়ছে ফসল উৎপাদনে। আবার ফলমূল ও শাক-সবজিতে অতিরিক্ত কীটনাশক ব্যবহার এবং কীটনাশকের প্রভাব কাটার আগেই বাজারজাত করায় তা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হচ্ছে। দেশে ক্যান্সার, কিডনি ও লিভারের রোগ দ্রুত বাড়ছে। এর সঙ্গে কীটনাশকের ক্ষতিকর প্রভাবের যোগসূত্র থাকার আশঙ্কা করা হচ্ছে। ফলে কীটনাশকের অনিয়ন্ত্রিত ও ক্ষতিকর ব্যবহার রোধে পর্যাপ্ত উদ্যোগ নেওয়া জরুরি হয়ে উঠেছে। ফলমূল বা শাক-সবজিতে কীটনাশক ব্যবহারের পর তা খাদ্য হিসেবে গ্রহণের জন্য নির্দিষ্ট সময় পর্যন্ত অপেক্ষা করতে হয়। একেক ধরনের কীটনাশকের ক্ষেত্রে এই সময় একেক রকম। সে জন্য ফল বা সবজি তোলার বা বাজারজাত করার আগে আগে কীটনাশক ব্যবহার করা যায় না। কিন্তু আমাদের কৃষকদের সেই জ্ঞান সীমিত। এমনও দেখা যায়, সকালে কীটনাশক ছিটানোর পর বিকেলে সবজি বাজারজাত করা হয়। আবার গণমাধ্যমে এমন খবরও এসেছে যে বেগুন বাজারজাত করার আগে ড্রামে রাখা কীটনাশক মেশানো পানিতে চুবিয়ে নেওয়া হয়, যাতে পোকামাকড়ের কারণে বেগুন নষ্ট না হয়। কীটনাশকের এ ধরনের অপব্যবহার রোধ করা অত্যন্ত জরুরি। প্রকাশিত প্রতিবেদনে দেখা যায়, দেশে কীটনাশকের ব্যবহার ক্রমাগতভাবে বাড়ছে। জানা যায়, ১৯৭২ সালে দেশে কীটনাশকের ব্যবহার ছিল মাত্র চার হাজার মেট্রিক টন। পাঁচ দশকের ব্যবধানে সেই পরিমাণ প্রায় ১০ গুণ বেড়ে ৪০ হাজার টন ছাড়িয়েছে। ধান, শাক-সবজি, ফলসহ বিভিন্ন কৃষিপণ্য উৎপাদনে বর্তমানে ব্যাপকভাবে কীটনাশক ব্যবহার করা হচ্ছে। উদ্বেগের বিষয় হলো, গত পাঁচ বছরেই দেশে কীটনাশকের ব্যবহার বেড়েছে প্রায় ৮১.৫ শতাংশ। মাঠ পর্যায়ে দেখা যাচ্ছে, অনেক কৃষক সুপারিশ করা মাত্রা ও সময়সীমা না মেনে অতিরিক্ত কীটনাশক ব্যবহার করছেন। এতে ফসলে কীটনাশকের অবশিষ্টাংশ থেকে যাচ্ছে, যা দীর্ঘ মেয়াদে ক্যান্সার, কিডনি ও লিভারের জটিলতাসহ নানা অসংক্রামক রোগের ঝুঁকি বাড়াচ্ছে। অতিরিক্ত কীটনাশক ব্যবহারের ফলে উপকারী পোকামাকড় ও মাটির অণুজীব ধ্বংস হচ্ছে। বৃষ্টির পানির সঙ্গে এসব রাসায়নিক জলাশয়ে গিয়ে মাছ ও অন্যান্য জলজ প্রাণীর জন্যও হুমকি তৈরি করছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ দেলোয়ার হোসেন বলেন, গবেষণায় দেখা গেছে, বাজারে আসা সবজি সংগ্রহের সময় ২০ থেকে ৩০ শতাংশে কীটনাশকের অবশিষ্টাংশ পাওয়া গেছে। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণায় দেখা গেছে, রাজধানীর কারওয়ান বাজার, মোহাম্মদপুর, মিরপুর, তালতলা ও যাত্রাবাড়ী বাজার থেকে সংগ্রহ করা বেগুন ও ফুলকপির নমুনায় উচ্চ মাত্রায় ক্ষতিকর অর্গানোফসফরাস কীটনাশকের উপস্থিতি রয়েছে। ২১টি নমুনার ২০টিতেই কীটনাশকের মাত্রা ইউরোপীয় ইউনিয়ন নির্ধারিত সর্বোচ্চ অবশিষ্টাংশ সীমা অতিক্রম করেছে। এমন পরিস্থিতিতে কীটনাশকের ব্যবস্থাপনা সংস্কারে বড় ধরনের উদ্যোগ নিয়েছে কৃষি বিভাগ। কঠোর করা হচ্ছে নতুন বালাইনাশকের নিবন্ধন, অনুমোদন ও আমদানি নীতিমালা। একই সঙ্গে আন্তর্জাতিকভাবে নিষিদ্ধ বা ঝুঁকিপূর্ণ রাসায়নিকের কাঁচামাল আমদানিতে কড়াকড়ি, ল্যাব পরীক্ষার স্বচ্ছতা নিশ্চিত করা এবং পরিবেশবান্ধব জৈব বালাইনাশক ও সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আইপিএম) সম্প্রসারণের পরিকল্পনা নেওয়া হয়েছে। জনস্বাস্থ্যের সঙ্গে সম্পর্কিত কোনো বিষয়ে আপস করার কোনো সুযোগ নেই। মাঠ পর্যায়ে কীটনাশকের ব্যবহার কার্যকরভাবে মনিটর করা প্রয়োজন। একই সঙ্গে ডিলারদের জবাবদিহি বৃদ্ধি, কৃষকদের প্রশিক্ষণ ও ভোক্তাদের সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে।

ইউনিয়ন ও পৌরসভায় অক্টোবরে

নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ। তিনি জানান, শিগগির সরকারের সঙ্গে আলোচনা শেষে স্থানীয় নির্বাচনের বিষয়ে সবকিছু চূড়ান্ত করা হবে। সোমবার (৬ জুলাই) বিকেলে ইসি সচিবালয়ে রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসি- আরএফইডি আয়োজিত অনুষ্ঠানে যোগ দিয়ে এসব কথা জানান তিনি। সুষ্ঠু নির্বাচন কমিশনের জন্য চ্যালেঞ্জ উল্লেখ করে গণমাধ্যমের সহযোগিতা চাওয়া হয়। সিটি করপোরেশন পর্যায়ে প্রশাসকের মাধ্যমে কার্যক্রম চলমান জানিয়ে ইউনিয়ন ও পৌরসভা পর্যায় থেকে স্থানীয় সরকার নির্বাচন শুরুর আভাস দেন তিনি। এসময় ,জাতীয় নির্বাচনের মতো স্থানীয় সরকার নির্বাচন সুষ্ঠু হওয়ার কথা জানান ইসি সানাউল্লাহ। নির্বাচনের আচরণবিধি চূড়ান্ত করাসহ সীমানা নির্ধারণে সরকারকে চিঠি দেওয়া হবে। জাতীয় নির্বাচনের মতো স্থানীয় নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজন করতে তৎপর ইসি।

ডিসেম্বরেই শিক্ষার্থীদের হাতে

মন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, বার্ষিক পরীক্ষার সময়ই শিক্ষার্থীরা নতুন বই হাতে পাবে। সোমবার (৬ জুলাই) সচিবালয়ের প্রধানমন্ত্রীর সঙ্গে পাঠ্যপুস্তক প্রকাশ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাসংক্রান্ত সভা শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, নতুন বছরের শুরুতেই যেন পাঠ্যপুস্তক যথাসময়ে শিক্ষার্থীদের হাতে যায়। আমরা আশা করছি, ডিসেম্বরের যে ফাইনাল এক্সাম হবে তখনই তাদের হাতে আমরা বইগুলো পৌঁছে দেবো। প্রধানমন্ত্রীর নির্দেশ, ৩০ নভেম্বরের মধ্যেই আমাদেরকে রেডি থাকতে হবে নতুন পাঠ্যপুস্তক নিয়ে। পাঠ্যবই ছাপার দরপত্র প্রক্রিয়া চলছে জানিয়ে মন্ত্রী আরও বলেন, আমরা ওয়ার্ক অর্ডার ফার্স্ট উইক অব অগাস্টের ভেতরে সব দিয়ে দেব। এরপর তারা (প্রকাশকরা) ছাপার কাজ শুরু করবে। আর এ বিষয়ে যা তদারকি করার দরকার রয়েছে তা আমাদের মন্ত্রণালয়ের টিম রয়েছে, এনসিটিবি রয়েছে এবং আমরা সম্পূর্ণ প্রস্তুত আগামী দিনের সুন্দরভাবে বই দেওয়ার জন্য। আগামী বছরের পাঠ্যবইতে কারিকুলামে কিছুটা পরিমার্জন আসছে বলেও এসময় জানান শিক্ষামন্ত্রী।

এলডিসি উত্তরণের প্রস্তুতিতে

অর্থনীতিকে কার্যকর রাজনৈতিক কাঠামো ও কর্মপরিকল্পনার সঙ্গে যুক্ত করার কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, বিশেষজ্ঞদের সুপারিশ তখনই জনগণের কল্যাণে বাস্তব ফল বয়ে আনবে, যখন তা রাজনৈতিক সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রক্রিয়ার অংশ হবে। সোমবার (৬ জুলাই) জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্ট (র?্যাপিড) এবং ইউকে ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্টের উদ্যোগে আয়োজিত 'বাংলাদেশের এলডিসি উত্তরণ ও রপ্তানি প্রতিযোগিতায় চ্যালেঞ্জ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, অর্থনীতিকে যদি রাজনৈতিক কাঠামোর মধ্যে আনা না যায়, তাহলে বিশেষজ্ঞদের সব আলোচনা শেষ পর্যন্ত রাজনৈতিক আলোচনায় রূপ নেয়। কারণ জনগণের কল্যাণে যে কোনো অর্থনৈতিক পরিকল্পনাকে বাস্তব কর্মসূচিতে রূপ দিতে হলে রাজনৈতিক সিদ্ধান্ত, নেতৃত্ব ও কার্যকর বাস্তবায়ন কাঠামো অপরিহার্য। তিনি বলেন, জনগণের কল্যাণ নিশ্চিত করাই রাজনীতির প্রধান দায়িত্ব এবং অর্থনৈতিক নীতির সফল বাস্তবায়নও সেই দায়িত্বেরই অংশ। জহির উদ্দিন স্বপন বলেন, এলডিসি থেকে উত্তরণের পর বাংলাদেশের রপ্তানি খাতের চ্যালেঞ্জ কমবে না, বরং আরও বাড়বে। এ বাস্তবতা বিবেচনায় সরকার জাতিসংঘের সংশ্লিষ্ট কমিটির কাছে উত্তরণের সময়সীমা তিন বছর পিছিয়ে দেওয়ার আবেদন করেছে। তিনি বলেন, অতিরিক্ত সময় চাওয়ার উদ্দেশ্য কোনো সমস্যা থেকে পালানো নয়; বরং প্রয়োজনীয় নীতি সংস্কার ও প্রস্তুতি সম্পন্ন করে দেশের অর্থনীতিকে আরও প্রতিযোগিতামূলক করে তোলা। মন্ত্রী আশা প্রকাশ করেন, জাতিসংঘের সাধারণ পরিষদে অনুমোদনের পর বাংলাদেশ এই অতিরিক্ত সময় পাবে এবং সেই সময়কে সর্বোচ্চ কাজে লাগাতে হবে। তিনি বলেন, আগামী তিন বছর কোথায় এবং কীভাবে ব্যবহার করলে দেশের রপ্তানি সক্ষমতা বাড়বে, সেটিই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন। এজন্য রপ্তানির পথে বিদ্যমান সব ধরনের প্রতিবন্ধকতার পূর্ণাঙ্গ তালিকা তৈরি করে প্রয়োজনীয় নীতি সংস্কারে অগ্রাধিকার দিতে হবে। সম্প্রচারমন্ত্রী বলেন, অর্থনীতিবিদরা গবেষণার মাধ্যমে চ্যালেঞ্জগুলো স্পষ্টভাবে তুলে ধরবেন এবং রাজনৈতিক নেতৃত্ব সেই সুপারিশগুলোকে বাস্তবায়নের কর্মপরিকল্পনায় রূপ দেবে। বাংলাদেশের সম্ভাবনাকে বাস্তব সাফল্যে রূপ দিতে হলে অর্থনৈতিক চ্যালেঞ্জগুলো সঠিকভাবে চিহ্নিত করার পাশাপাশি সেগুলোকে রাজনৈতিকভাবে মূল্যায়ন ও বাস্তবায়নের সক্ষমতা গড়ে তোলার ওপর জোর দেন তথ্যমন্ত্রী। র‍্যাপিডের নির্বাহী পরিচালক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক ড. এম আবু ইউসুফের সঞ্চালনায় অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন র‍্যাপিডের চেয়ারম্যান ড. এম এ রাজ্জাক। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন ইকোনমিক রিপোর্টার্স ফোরামের সভাপতি দৌলত আক্তার মালা।

সরকার গ্রামীণ জনপদের

ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, এ লক্ষ্যে পল্লী উন্নয়নকে সরকারের অন্যতম প্রধান অগ্রাধিকার হিসেবে বিবেচনা করে বিভিন্ন কর্মসূচি ইতোমধ্যে বাস্তবায়ন করা হচ্ছে। সোমবার (৬ জুলাই) আন্তর্জাতিক পল্লী উন্নয়ন দিবস ও সিরডাপের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী সরকার পল্লী উন্নয়নে কাজ করে যাচ্ছে উল্লেখ করে স্থানীয় সরকারমন্ত্রী বলেন, কৃষি সহযোগিতা, সেচ সুবিধা সম্প্রসারণ এবং কৃষি কার্ডের মতো উদ্যোগের মাধ্যমে গ্রামীণ কৃষকদের জীবনমান উন্নয়নে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তিনি বলেন, ফ্যামিলি কার্ডসহ বিভিন্ন সামাজিক সুরক্ষা কর্মসূচির মাধ্যমে প্রান্তিক মানুষের জীবনমান উন্নয়নে সরকার কাজ করছে। একই সঙ্গে অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করতেও গুরুত্ব দেওয়া হচ্ছে। মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, প্রায় পাঁচ দশক ধরে সিরডাপ পল্লী উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিশেষ করে প্রান্তিক পর্যায়ে উদ্যোক্তা সৃষ্টি এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় সংস্থাটি উল্লেখযোগ্য অবদান রাখছে।

আবহাওয়ার তারতম্যে বরিশালে

বীজতলা তৈরীর কাজ শুরু হয়ে গেছে, যতদ্রুত সম্ভব বীজতলা তৈরীর জন্য কৃষকদের সব ধরনের কারিগড়ি পরামর্শ দেয়ার কথাও জানান ডিএই'র বরিশাল অঞ্চলের দায়িত্বশীল মহল। তবে নাম প্রকাশে অনিচ্ছুক বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট-এর একজন গবেষণা পর্যায়ের কর্মকর্তা জানান, গত কয়েকবছর ধরেই আবহাওয়ার নানামুখি তারতম্য লক্ষ্য করা যাচ্ছে। চলতি মৌসুমেও বৃষ্টিপাত নিয়ে উদ্বেগ রয়েছে। আমরা ধান গবেষনার পক্ষ থেকে কিছু বাড়তি বীজ সংরক্ষন করছি। যাতে বিলম্বে বাড়তি বীজতলা তৈরী করা সম্ভব হয়। আবহাওয়া বিভাগের হিসেব অনুযায়ী গত বছর ১ নভেম্বরের টানা ১২৭ দিন পরে গত ৯ মার্চ বরিশালে প্রথম বৃষ্টির দেখা মিললেও পুরো মাস যুড়েই ঘাটতি ছিল ৪৯% ভাগ। কিন্তু এপ্রিলে যখন মাঠ যুড়ে বোরো ধানের সমারহ, তখনই অতিবৃষ্টি নতুন ঝুঁকি তৈরি করে। এপ্রিল মাসে বরিশালে বৃষ্টিপাত ছিল স্বাভাবিকের ১৬৯% বেশি। ফলে গত এপ্রিলের মধ্যভাগের প্রবল বর্ষণে বরিশাল কৃষি অঞ্চলের ৭৬ হাজার হেক্টর জমির বোরো ধান সহ লক্ষাধিক হেক্টরের বিভিন্ন ফসল পানির তলায় চলে যায়। ফলে প্রায় ২শ কোটি টাকার ফসল বিনষ্ট হয় ।আবার বিগত মে মাসে বরিশালে বৃষ্টিপাতের ঘাটতি ছিল স্বাভাবিকের ৪৫.৩% এবং সদ্য সমাপ্ত জুন মাসে প্রায় ৪৩% কম বৃষ্টি হয়েছে। কিন্তু চলতি মাসের শুরু থেকে প্রচন্ড খড়তাপের পরে গত তিন দিন ধরে মৌসুমী নিম্নচাপের প্রভাবে বরিশাল সহ সমগ্র দক্ষিণাঞ্চল যুড়ে মাঝারী বর্ষণ অব্যাহত রয়েছে। এ মৌসুমী নিম্নচাপের প্রভাবে বরিশাল সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরে বায়ুচাপের আধিক্যে ও তারতম্য বিরাজ করছে। মৌসুমী বায়ুর বর্ধিতাংশ দক্ষিণাঞ্চল হয়ে উত্তরে বিরাজমান রয়েছে। পাশাপাশি মৌসুমী বায়ু বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে বিধায় আগামী সপ্তাহ যুড়েই বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকার কথাও বলেছে আবহাওয়া বিভাগ। এমনকি বরিশাল সহ উপক'লীয় এলাকায় মঙ্গলবার পর্যন্ত ভারী থেকে অতি ভারি বর্ষণের সতর্কতাও জারী রেখেছে আবহাওয়া বিভাগ। এরফলে প্রবল বর্ষণে ইতোমধ্যে তৈরি করা বীজতলাসমুহ ভেসে যাবার শংকাও তৈরি হতে শুরু করেছে। চলতি মাসের প্রথম ৬দিনে বরিশালে প্রায় ৬২ মিলি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। আবহাওয়া বভবাগ থেকে চলতি মাসে স্বাভাবিক বৃষ্টিপাতের পাশাপাশি বঙ্গোপসাগরে একটি মৌসুম নিম্নচাপ তৈরিরও পূর্বাভাস দেয়া হয়েছে। অপরদিকে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কিলোমিটার বেগে বৃষ্টি ও বজ্রবৃষ্টি সহ ঝড়ো হাওয়া বয়ে যাবার আশংকায় বরিশাল সহ এ অঞ্চলের সব নদী বন্দরগুলোকে ২ নম্বর হুশিয়ারী সংকেতের আওতায় আনা হয়েছে। ফলে অনধিক ৬৫ ফুট দৈর্ঘের সব ধরনের নৌযানের চলাচল বন্ধ করে দিয়েছে বিআইডব্লিউটিএ।উল্লেখ্য, বরিশাল কৃষি অঞ্চলে খরিপ-২ মৌসুমে বিআর-২৩, ব্রি ধান-৭৬, ব্রিধান-৫২ ও ব্রিধান-১০৯ ছাড়াও স্থানীয় জতের কম উৎপাদনশীল ধানেরও আবাদ হচ্ছে প্রায় পৌনে ৩ লাখ হেক্টরে। তবে ব্রি উদ্ভাবিত ধানের জাত যেমনি বণ্যা ও প্লাবন সহনশীল, তেমনি এর ফলনও বেশি। তবে এখনো উসব উচ্চফলণশীল জাতের ধানের বীজ সহ এর কারিগরি জ্ঞান কৃষকের কাছে পৌছে দেয়া সম্ভব হয়নি। শুধুমাত্রস্থাণীয় জাতের পরিবর্তে বরিশালে উফশী জাতের ধানের আবাদ সম্ভব হলে এ অঞ্চলে আমনের উৎপাদন ৩০ লাখ টনে উন্নীত করা সম্ভব বলেও মনে করছেন মাঠ পর্যায়ের কৃষিবীদগন।

চোখের চিকিৎসায় মহাপরিকল্পনা

এই বিশাল জনগোষ্ঠীর দৃষ্টিশক্তি ফিরিয়ে আনা সরকারের মূল লক্ষ্য। তিনি বলেন, প্রধানমন্ত্রী নিজে অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এ উদ্যোগটি নিয়েছেন। এই ১০ লাখ মানুষের জন্য আমরা দেশব্যাপী সুলভ মূল্যে এবং বিনামূল্যে ছানির অপারেশনের ব্যবস্থা করার বড় কর্মসূচি হাতে নিচ্ছি। সাধারণ মানুষের ভোগান্তি ও খরচ কমাতে ইতোমধ্যে এই বাজেটে চোখের ছানি অপারেশনের পর যে লেন্সটি দেওয়া হয়, তার ওপর থেকে কর (ট্যাক্স) কমিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী। ফলে চোখের ছানি অপারেশনের খরচ এক ধাক্কায় অনেক কমে যাবে, যা দরিদ্র মানুষের চিকিৎসায় বড় স্বস্তি নিয়ে আসবে। নভেম্বরে অনুষ্ঠিতব্য গ্লোবাল সামিটের বিষয়ে প্রতিমন্ত্রী জানান, বিশ্বের বিভিন্ন দেশের স্বাস্থ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রীদের অংশগ্রহণে এই প্রথমবারের মতো বৈশ্বিক চক্ষু স্বাস্থ্য সম্মেলন হতে যাচ্ছে। এই সম্মেলনে বাংলাদেশ কো-হোস্ট হিসেবে বিশ্বমঞ্চে নেতৃত্ব দেবে। তিনি জানান, প্রধানমন্ত্রী নিজে এই সম্মেলনে অংশ নেওয়ার ব্যাপারে অত্যন্ত ইতিবাচক। তবে একই সময়ে কমনওয়েলথ রাষ্ট্রপ্রধানদের বৈঠক থাকায় তিনি যদি কোনো কারণে যেতে না-ও পারেন, সরকারের উচ্চপর্যায়ের প্রতিনিধি দল সেখানে কো-হোস্টের দায়িত্ব পালন করবে। পাশাপাশি গ্রামীণ অঞ্চলের স্কুলপড়ুয়া শিশুদের চোখের সুরক্ষায় সরকারের নতুন পরিকল্পনার কথা জানিয়ে স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন, গ্রামগঞ্জের অনেক শিশু চশমা ও চোখ পরীক্ষার অভাবে সঠিকভাবে দেখতে পায় না, যা তাদের পড়াশোনা ও স্বাভাবিক বিকাশে বাধা সৃষ্টি করছে। প্রধানমন্ত্রী এ বিষয়ে বিশেষ উদ্বেগ প্রকাশ করেছেন এবং আইএপিবি-কে শিশুদের চোখ পরীক্ষা ও চশমা বিতরণে এগিয়ে আসার অনুরোধ জানিয়েছেন। আন্তর্জাতিক এই সংস্থাটিও আমাদের পূর্ণ আশ্বাস দিয়েছে।" প্রতিমন্ত্রী আশাবাদ ব্যক্ত করে বলেন, লেন্সের দাম কমানো এবং বিনামূল্যে ১০ লাখ মানুষের ছানি অপারেশনের এই সমন্বিত উদ্যোগ ও বৈশ্বিক সংস্থার সাথে যৌথ অংশীদারত্ব দেশের চক্ষু স্বাস্থ্য খাতের আমূল পরিবর্তন আনবে। আইএপিবির প্রধান নির্বাহী পিটার হল্যান্ড বলেন, ২ নভেম্বর অ্যান্টিগায় অনুষ্ঠিতব্য এই গলোবাল সামিট বিশ্বনেতাদের জন্য একটি অনন্য সুযোগ, যেখানে বিভিন্ন দেশের প্রধানমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীরা তাদের নিজ নিজ দেশের চক্ষু স্বাস্থ্যসেবা উন্নত করার প্রতিশ্রুতি নিয়ে হাজির হবেন। বাংলাদেশকে বৈশ্বিক চক্ষু স্বাস্থ্যসেবার অন্যতম পথপ্রদর্শক হিসেবে উল্লেখ করে তিনি বলেন, বিশ্বজুড়ে চোখের দৃষ্টি সুরক্ষায় বাংলাদেশ দীর্ঘদিন ধরে নেতৃত্ব দিয়ে আসছে। জাতিসংঘে দৃষ্টিশক্তি বিষয়ক প্রথম ঐতিহাসিক প্রস্তাবটি স্পন্সর বা উত্থাপন করেছিল বাংলাদেশ। দশকের পর দশক ধরে এক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা প্রশংসনীয়। তিনি বলেন, নতুন সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান এবং সংশ্লিষ্টদের দূরদর্শী নেতৃত্বে সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা এবং প্রাথমিক স্বাস্থ্যসেবার অংশ হিসেবে চক্ষু স্বাস্থ্যকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। আগামী নভেম্বরের গ্লোবাল সামিটে বাংলাদেশের এ জোরালো অংশীদারত্ব এবং সহ-আয়োজকের ভূমিকা বিশ্ব দরবারে দেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করবে বলে আশাবাদ ব্যক্ত করেন পিটার হল্যান্ড।

নগরীতে ছাত্রীদের উত্ত্যক্তের

খান, একই এলাকার আবুল কালাম আজাদের ছেলে আব্দুল্লাহ আল তামিম, শুকুর লাল আচার্যের ছেলে প্রতিম আচার্য এবং রতন কুমার দাসের ছেলে হৃদয় দাস। বরিশাল মহানগর গোয়েন্দা পুলিশের উপপরিদর্শক (এসআই) মোহাম্মদ শাহিনুর রহমান জানান, বিদ্যালয়ের সামনে কয়েকজন যুবক অবস্থান করে ছাত্রী ও তাদের সঙ্গে আসা অভিভাবকদের অশালীন ভাষায় উত্ত্যক্ত করছেন এমন অভিযোগ পেয়ে ডিবি পুলিশ তাৎক্ষণিক অভিযান পরিচালনা করে। অভিযানের সময় ওই চারজনকে আটক করা হয়। ঘটনাস্থলে উপস্থিত একাধিক অভিভাবক তাদের শনাক্ত করেন। অভিযানের সময় উপস্থিত কয়েকজন অভিভাবক পুলিশের তাৎক্ষণিক পদক্ষেপকে স্বাগত জানান। তাদের মতে, বিদ্যালয়ের সামনে এ ধরনের অনাকাঙ্ক্ষিত আচরণের কারণে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে অস্বস্তি তৈরি হচ্ছিল। তারা শিক্ষাপ্রতিষ্ঠানকেন্দ্রিক নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের নিয়মিত নজরদারি ও অভিযান অব্যাহত রাখার আহ্বান জানান।

ছাত্রলীগ কর্মী বাবু হত্যা:

করা হয়েছে। জানা গেছে, গত ২৩ জুন সদর ইউনিয়নের সাদেকপুর গ্রামে জমি নিয়ে বিরোধের জেরে মাহাবুব আলম বাবুকে পিটিয়ে আহত করে শহীদ পোদ্দার, জাহাঙ্গীর মাল, বজলু বয়াতী, সাইফুল হাওলাদার, নয়ন পোদ্দারসহ অজ্ঞাত কয়েকজন। গুরুতর আহত অবস্থায় বাবুকে উদ্ধার করে প্রথমে মেহেন্দীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান পরিবারের সদস্যরা। অবস্থা আশঙ্কাজনক হওয়ায় দায়িত্বরত চিকিৎসক বরিশাল শেবাচিমে নেওয়ার পরামর্শ দেন। সেখানে নিয়ে যাওয়া পরও অবস্থার অবনতি হওয়ায় ওই দিন রাতেই ঢাকায় নেওয়া হয় বাবুকে। পরদিন সকাল ৬টায় ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। এ ঘটনায় নিহত বাবুর পরিবারের পক্ষ থেকে একটি হত্যা মামলা দায়ের করা হয়। ঘটনার দুই দিন পর গত ২৫ জুন অভিযান চালিয়ে আসামি নয়ন পোদ্দারকে গ্রেফতার করে পুলিশ। এরপর ২৭ জুন নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ এলাকা থেকে পলাতক ৩ নম্বর আসামি জাহাঙ্গীর মালকে গ্রেফতার করে পুলিশ।

অর্থনৈতিক অগ্রগতির প্রধান শর্ত

পাবে। ফলে দেশে বেকারত্বের হার হ্রাস পাওয়ার পাশাপাশি জাতীয় অর্থনীতিও শক্তিশালী হবে। জনশক্তির গুরুত্ব তুলে ধরে এমপি সারোয়ার বলেন, দেশের টেকসই উন্নয়ন ও অর্থনৈতিক অগ্রগতির অন্যতম প্রধান শর্ত হলো দক্ষ জনশক্তি গড়ে তোলা। বর্তমান বিশ্বে প্রতিযোগিতামূলক শ্রমবাজারে টিকে থাকতে হলে যুবসমাজকে আধুনিক ও যুগোপযোগী দক্ষতায় প্রশিক্ষিত হওয়ার বিকল্প নেই বলে উল্লেখ করে তিনি বলেন, সরকারি ও বেসরকারি উদ্যোগে প্রশিক্ষণ কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি, প্রশিক্ষণের মানোন্নয়ন এবং কর্মসংস্থানের সঙ্গে প্রশিক্ষণের সমন্বয় সাধনের ওপর গুরুত্ব দিতে হবে। এসময় তিনি পুরুষের ন্যায় নারীদের জন্যও প্রশিক্ষণের সমান সুযোগ নিশ্চিত করতে হবে বলে উল্লেখ করেন। বিভাগীয় কমিশনার খলিল আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, বরিশাল রেঞ্জ ডিআইজি মোঃ মোস্তাফিজুর রহমান, টিটিসির প্রিন্সিপাল প্রকৌশলী মোঃ গোলাম কবির ও সদর উপজেলা বিএনপ 'র আহ্বায়ক নুরুল আমিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বরিশালের যুগ্ম পরিচালক শহীদ উল্লাহ। এসময় সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, প্রশিক্ষণার্থী, উদ্যোক্তা ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

নতুন রূপে বরিশাল স্টেডিয়াম

আমাদের দীবি ভবিষ্যতে যেন আর কোনো নোংরা রাজনীতির কারণে এই মাঠের জৌলুস হারিয়ে না যায়।' ২৯ একরের এই ভেন্যুটিতে সর্বশেষ ২০১৯ সালের ২৬শে অক্টোবর বাংলাদেশ ও শ্রীলঙ্কা অনূর্ধ্ব-১৯ দলের টেস্ট ম্যাচের মাধ্যমে আন্তর্জাতিক ক্রিকেটের স্বাদ পেয়েছিল বরিশালবাসী। এরপর আর কোনো বড় আসর বসেনি এখানে। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সাবেক সহ-সভাপতি এ.কে. এম আসাদুজ্জামান খসরু বলেন, '৬৫ কোটি টাকার এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ভেন্যুটি এখন আন্তর্জাতিক ম্যাচ আয়োজনের শতভাগ যোগ্যতা অর্জন করছে। ক্রিকেট বোর্ড বরিশালের ক্রিকেটপ্রেমীদের আবেগকে মূল্যায়ন করে চলতি বছরের শেষ নাগাদ জাতীয় ও আন্তর্জাতিক ম্যাচ এখানে ফিরিয়ে আনার ব্যাপারে অত্যন্ত ইতিবাচক।' বরিশাল জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব মশিউর রহমান মঞ্জু সংস্কার কাজের অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে জানান, ?'সংস্কার কাজ পুরোপুরি শেষ হলে চলতি বছরের শেষের দিকেই এখানে বড় ম্যাচ আয়োজনের একটি রোডম্যাপ তৈরি করা হয়েছে। জেলা ক্রীড়া সংস্থার নতুন অ্যাডহক কমিটি মাঠটিকে আন্তর্জাতিক মানে ফিরিয়ে নিতে বদ্ধপরিকর। আউটফিল্ডের কাজ শেষ হওয়া মাত্রই আমরা বড় আসর আয়োজনের জন্য পুরোপুরি প্রস্তুত।'

অটোরিকশায় চার্জ দিতে গিয়ে

প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। বর্তমানে তিনি শঙ্কামুক্ত বলে পরিবার জানিয়েছে। নিহত বেল্লালের প্রতিবেশী ফিরোজা বলেন, সকালে চার্জে থাকা অটোরিকশা আনতে গিয়ে প্রথমে বেল্লাল বিদ্যুৎস্পৃষ্ট হন। তাকে বাঁচাতে গিয়ে তার স্ত্রী ও মেয়েও বিদ্যুৎস্পৃষ্ট হন। পরে স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক স্বামী-স্ত্রীকে মৃত ঘোষণা করেন। বেল্লালের দুলাভাই মো. কবির বলেন, খবর পেয়ে হাসপাতালে এসে দেখি বেল্লাল ও তার স্ত্রী মারা গেছেন। তাদের বড় মেয়ে আহত হলেও চিকিৎসা নিয়ে এখন সুস্থ রয়েছে। এ বিষয়ে বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের মেডিকেল অফিসার ডা. অপূর্ব কুমার চৌধুরী বলেন, সকালে বেল্লাল ও কমলা নামে দুজনকে হাসপাতালে নিয়ে আসা হয়। প্রয়োজনীয় পরীক্ষা শেষে আমরা নিশ্চিত হয়েছি তাদের মৃত্যু হয়েছে। যেহেতু বিদ্যুৎস্পৃষ্ট হওয়ার ঘটনা শুনেছি তাই বিষয়টি পুলিশকে অবগত করেছি। এ বিষয়ে বরগুনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাৎ মো. হাচনাইন পারভেজ বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যুর মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

বৈরী আবহাওয়ায় সাগরে ট্রলার

যাওয়া ট্রলার ও একটি বয়া আঁকড়ে ধরে প্রায় ৫ ঘণ্টা সাগরে ভেসে থাকেন। রাত ৩টার দিকে একই এলাকার ইমাম সিকদারের আরেকটি ট্রলার তাদের উদ্ধার করে। উদ্ধার হওয়া জেলেরা হলেন ইমাদুল সিকদার (৪০), মো. বাইজিদ (৩০), মো. নাজমুল (৩০), মো. রাকিব (২২) ও মো. সজীব (২৫)। আহত বাইজিদকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদিকে এখনো নিখোঁজ রয়েছেন পানপট্টি ইউনিয়নের তুলারাম গ্রামের ইমাদুল খা (৪৫), খরিদা গ্রামের মো. হারুন (৬০), গজালিয়া ইউনিয়নের আদানী গ্রামের মো. ফোরকান (৪৫), মো. সায়েদ (২০), আল আমিন (৪০) এবং গলাচিপা সদর ইউনিয়নের পক্ষিয়া গ্রামের মো. আকাশ (২৫)। উপজেলা নির্বাহী কর্মকর্তা আবুজর মো. ইজাজুল হক জানান, ট্রলারডুবির খবর পাওয়ার পর কলাপাড়া উপজেলা ও রাঙ্গাবালী উপজেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। বাংলাদেশ কোস্টগার্ড নিখোঁজ জেলেদের উদ্ধারে অভিযান পরিচালনা করছে।

প্রধানমন্ত্রী প্রতিশোধ-প্রতিহিংসার

তিনি এসব কথা বলেন। আইনমন্ত্রী মো. আসাদুজ্জামানের সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়। চিফ হুইপ বলেন, প্রধানমন্ত্রী দীর্ঘ সংগ্রামের মধ্যদিয়ে দেশে ন্যায়বিচার ও আইনের শাসন প্রতিষ্ঠার পরিবেশ সৃষ্টি করেছেন। কেউ অপরাধ করলে অপরাধের ধরন ও গুরুত্ব অনুযায়ী তাকে অবশ্যই আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করা হবে। শাস্তির বিধানের মূল উদ্দেশ্য হলো দেশে প্রকৃত আইনের শাসন প্রতিষ্ঠা করা। তিনি আরও বলেন, অতীতে বহু মানুষ স্বজন হারিয়েও ন্যায়বিচার থেকে বঞ্চিত হয়েছেন। বাবা, ভাই কিংবা বোনের হত্যার বিচার পেতে অনেককে বছরের পর বছর অপেক্ষা করতে হয়েছে। বর্তমান সরকার সেই বঞ্চনার অবসান ঘটিয়ে জনগণের দোরগোড়ায় ন্যায়বিচার পৌঁছে দিতে নিরলস কাজ করে যাচ্ছে। আইন সংস্কার প্রসঙ্গে চিফ হুইপ বলেন, একটি মানবিক, ন্যায়ভিত্তিক ও গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলতে উন্নয়ন সহযোগীদের সহযোগিতা ও গঠনমূলক মতামতকে সরকার স্বাগত জানায়। আইন ও নীতিমালার প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে নাগরিকের অধিকার সুরক্ষা এবং জীবনমান উন্নয়নই সরকারের লক্ষ্য। এক্ষেত্রে আইনমন্ত্রীর নেতৃত্ব ও অবদানের প্রশংসাও করেন চিফ হুইপ।

হাম উপসর্গে আরও

হাম রোগীর সংখ্যা ১২ হাজার ৭৯১। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৮৯ হাজার ৭৩৪ রোগী, যাদের মধ্যে ৮৬ হাজার ৬২ জন ছাড়পত্র পেয়ে এরইমধ্যে বাড়ি ফিরেছে।

দেশের সব প্রাথমিক

অংশগ্রহণে বিভিন্ন শিক্ষামূলক কুইজ, প্রতিযোগিতা আয়োজন এবং বিজয়ীদের পুরস্কার প্রদানের ব্যবস্থাও রাখতে হবে। এসব শর্ত প্রতিপালন নিশ্চিত করে শিক্ষামেলা আয়োজনের কার্যক্রম সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে বলে নির্দেশনায় বলা হয়েছে।

আমতলীতে জাতীয় পল্লী

আমতলী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আশরাফুল ইসলাম, আমতলী থানার অফিসার ইনচার্জ (তদন্ত) আনোয়ার হোসেন, উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. সোহেল, উপজেলা কৃষি কর্মকর্তা মো. রাসেল, বিআরডিবি চেয়ারম্যান মো. মঈনউদ্দীন মামুন এবং আমতলী উপজেলা যুবদলের সাবেক আহ্বায়ক কবির ফকির। এছাড়াও উপস্থিত ছিলেন আমতলী সমন্বয় পরিষদের সভাপতি মো. জাকির হোসেন, বাংলাদেশ মানবাধিকার কমিশন আমতলী উপজেলা শাখার সাধারণ সম্পাদক ও সাংবাদিক আবু জিহাদ, আমতলী প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক আবদুর রহমান সালেহ, সাংবাদিক শাওন খান, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, সমবায় সমিতির সদস্য, বিআরডিবির গ্রাহক ও সুবিধাভোগী, সুধীজন এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে সুবিধাভোগীদের মধ্যে অভিজ্ঞতা বিনিময় পর্বে মোছা. ফাতেমা বেগম বলেন, "২০১১ সাল থেকে আমি বিআরডিবির সঙ্গে যুক্ত। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম ও প্রশিক্ষণের মাধ্যমে আমরা সচেতন হচ্ছি। পরিবেশবান্ধব গ্রাম গড়ে তুলতে সবাইকে এগিয়ে আসতে হবে।" অপর সুবিধাভোগী ফারজানা ইয়াসমিন বলেন, "বিআরডিবি থেকে ঋণ নিয়ে আমি ছাগল, হাঁস ও মুরগি পালন শুরু করেছি। বর্তমানে স্বাবলম্বী হওয়ার পথে এগিয়ে যাচ্ছি এবং ভবিষ্যতে আরও বড় পরিসরে খামার গড়ে তোলার পরিকল্পনা রয়েছে।" বক্তারা তাদের বক্তব্যে বলেন, দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে পল্লী এলাকার অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি, সমবায় কার্যক্রম জোরদার, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং পরিবেশবান্ধব উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের কোনো বিকল্প নেই। সরকারের গৃহীত বিভিন্ন পল্লী উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার ওপরও তারা গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানের শেষে নির্বাচিত কয়েকজন সুবিধাভোগীর মাঝে নগদ অর্থের চেক বিতরণ করা হয়। একই সঙ্গে পরিবেশ সংরক্ষণ ও সবুজায়ন কর্মসূচির অংশ হিসেবে বিভিন্ন উপকারভোগীর হাতে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা তুলে দেওয়া হয়।

সোনার গহনার দাম কমলো ৩২৬৬ টাকা

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে সোনার গহনার দাম কমানো হয়েছে। সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) সোনার গহনার দাম কমানো হয়েছে ৩ হাজার ২৬৬ টাকা। এতে ভ্যাটসহ ভালো মানের এক ভরি সোনার গহনার দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২৫ হাজার ২৯০ টাকা। স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম কমার পরিপ্রেক্ষিতে এই দাম কমানো হয়েছে। সোমবার (৬ জুলাই) দুপুর ১২টা ১৫ মিনিট থেকে এই দাম কার্যকর হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। সোমবার বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠকে করে এই দাম কমানোর সিদ্ধান্ত নিয়েছে। পরে কমিটির চেয়ারম্যান ডা. দেওয়ান আমিনুল ইসলাম শাহীন সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এর আগে গত ৩ জুলাই ভালো মানের এক ভরি সোনার গহনার দাম বাড়ানো হয় ৪ হাজার ৩৭৪ টাকা। তার আগে ২ হাজার ২১৬ টাকা বাড়ানো হয়। অর্থাৎ দুদিনে ভালো মানের এক ভরি সোনার গহনার দাম ৬ হাজার ৫৯০ টাকা বাড়ানোর পর এখন দাম কমানো হলো। এখন ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার গহনার দাম ৩ হাজার ২৬৬ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২৫ হাজার ২৯০ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনার গহনার দাম ৩ হাজার ১৫০ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে ২ লাখ ১৫ হাজার ১৪২ টাকা। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনার গহনার দাম ২ হাজার ৬৮২ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে ১ লাখ ৮৭ হাজার ৪৪০ টাকা। আর সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার গহনার দাম ২ হাজার ২১৬ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে ১ লাখ ৫০ হাজার ৯৩২ টাকা। এর আগে গত ৩ জুলাই সকাল ১০টা থেকে ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার গহনার দাম ৪ হাজার ৩৭৪ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ২ লাখ ২৮ হাজার ৫৫৬ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনার গহনার দাম ৪ হাজার ১৯৯ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ২ লাখ ১৮ হাজার ২৯২ টাকা। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনার গহনার দাম ৩ হাজার ৫৫৭ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ১ লাখ ৮৭ হাজার ৪৪০ টাকা। আর সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার গহনার দাম ২ হাজার ৯১৬ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ১ লাখ ৫৩ হাজার ১৪৮ টাকা। সোমবার দুপুর ১২টা ১৪ মিনিট পর্যন্ত এই দামেই সোনার গহনা বিক্রি হয়েছে। সোনার গহনার মতো রুপার গহনার দামও ভ্যাটসহ নির্ধারণ করা হয়েছে। ভ্যাটসহ ২২ ক্যারেটের এক ভরি রুপার গহনার দাম নির্ধারণ করা হয়েছে ৪ হাজার ৮৯৯ টাকা। এছাড়া ২১ ক্যারেটের এক ভরি রুপার গহনার দাম ৪ হাজার ৬৬৬ টাকা, ১৮ ক্যারেটের এক ভরি রুপার গহনার দাম ৪ হাজার ২৪ টাকা এবং সনাতন পদ্ধতির এক ভরি রুপার গহনার দাম ৩ হাজার ৩৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

হারিয়েছে

আমার এইচএসসির সনদপত্র হারিয়েছে। কেন্দ্র-বরিশাল H (153), রোল-৬১২৯১৯, পাশের সন সন-১৯৯৮, শিক্ষাবর্ষ-১৯৯৪/৯৫, শিক্ষা বোর্ড যশোর। বরিশাল কোতোয়ালি মডেল থানায় সাধারণ ডায়েরি নং-৩৩, তারিখ- ০১/০৭/২০২৬।

মো নাঈম রেজা খান
পিতা-আব্দুর কাদের খান
বরিশাল।

গৌরনদীতে এইচএসসি পরীক্ষায়

নকল করতে দেখে তিনি শিক্ষা বোর্ডের বিধিমালা অনুযায়ী তাদের বহিষ্কারের নির্দেশ দেন। বহিষ্কৃত দুই পরীক্ষার্থী সরকারি গৌরনদী বিশ্ববিদ্যালয় কলেজের মানবিক বিভাগের শিক্ষার্থী। তারা হলেন দুর্জয় বাড়ৈ (রোল-২০৫৬৩২) ও মেহেদী হাসান খোন্দকার (রোল-২০৫৬৪২)। মাহিলাড়া ডিগ্রি কলেজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কলেজের সহকারী অধ্যাপক মো. জাহাঙ্গীর হোসেন বলেন, নকলের অভিযোগ প্রমাণিত হওয়ায় শিক্ষা বোর্ডের বিধিমালা অনুযায়ী ওই দুই পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কেন্দ্র কর্তৃপক্ষ জানিয়েছে, প্রশাসনের তদারকিতে শান্তিপূর্ণ ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বহিষ্কারের ঘটনা ছাড়া সার্বিকভাবে কেন্দ্রের পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে।

উত্তাল সাগরে থমকে গেছে মাছ শিকার

সাগরে ছুটে যাওয়া ট্রলারগুলো আজ নিস্তব্ধ হয়ে নিরাপদ আশ্রয়ে দাঁড়িয়ে আছে। জেলেদের চোখেমুখে হতাশা, আর ভবিষ্যৎ নিয়ে গভীর অনিশ্চয়তার ছাপ। জেলেরা জানান, ৫৮ দিনের সরকারি নিষেধাজ্ঞা শেষে নতুন আশায় সাগরে গেলেও কাঙ্ক্ষিত ইলিশসহ অন্যান্য মাছের দেখা মেলেনি। লোকসানের বোঝা মাথায় নিয়ে ধারদেনা করে আবার ট্রলার সাগরে পাঠানো হয়। কিন্তু বৈরী আবহাওয়া ও নিম্নচাপের কারণে মাত্র দুই থেকে তিন দিনের মধ্যেই খালি হাতে ফিরে আসতে হয়েছে। একটি ট্রলার সাগরে পাঠাতে তিন থেকে চার লাখ টাকা পর্যন্ত ব্যয় হলেও সেই অর্থের বড় অংশই আদায় করা সম্ভব হয়নি। ট্রলার মালিক ছগির আক্ষেপ করে বলেন, "৫৮ দিনের নিষেধাজ্ঞা শেষে দুই দফায় ট্রলার সাগরে পাঠিয়েছি। দুইবারই লোকসান হয়েছে। পরে ঋণ করে আবার ট্রলার পাঠালেও গভীর সাগরের উত্তাল ঢেউয়ের কারণে মাত্র দুই দিনের মাথায় ফিরে আসতে হয়েছে। এখন আবার ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত জারি হওয়ায় সামনে কী হবে, সেটাই বুঝতে পারছি না।" বরগুনা জেলা ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, নিষেধাজ্ঞা শেষে কাঙ্ক্ষিত মাছ না পাওয়ায় ট্রলার মালিকরা এমনিতেই চরম আর্থিক সংকটে ছিলেন। এর মধ্যে বৈরী আবহাওয়া তাদের সংকটকে আরও গভীর করেছে। আবহাওয়া স্বাভাবিক হলে জেলেরা আবার সাগরে যেতে পারবেন এমনটাই প্রত্যাশা করছেন তিনি। মৎস্য ব্যবসায়ী মো. নিজাম উদ্দিন বলেন, বৈরী আবহাওয়ার কারণে সহস্রাধিক ছোট-বড় ট্রলার খালি হাতে সাগর থেকে ফিরে এসে পাথরঘাটা বিএফডিসি মৎস্য অবতরণ কেন্দ্রসহ বিভিন্ন খালে আশ্রয় নিয়েছে। তিনি বলেন, "১৫ এপ্রিল থেকে ১১ জুন পর্যন্ত ৫৮ দিনের সরকারি নিষেধাজ্ঞার পর জেলেরা পর্যাপ্ত মাছ পায়নি। এতে তারা ঋণের বোঝায় জর্জরিত হয়ে পড়েছে। এখন বৈরী আবহাওয়া তাদের জন্য যেন মরার ওপর খাঁড়ার ঘা হয়ে দাঁড়িয়েছে।" পাথরঘাটা উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা হাসিবুল হক বলেন, বৈরী আবহাওয়ার কারণে সহস্রাধিক ট্রলার ও জেলেরা নিরাপদ আশ্রয়ে অবস্থান করছেন। জীবন ও সম্পদের নিরাপত্তার স্বার্থেই তাদের উপকূলে থাকতে বলা হয়েছে। আবহাওয়া অনুকূলে এলে তারা আবার গভীর সাগরে মাছ ধরতে যেতে পারবেন। এদিকে মাছ শিকার বন্ধ থাকায় শুধু জেলেরাই নয়, ক্ষতিগ্রস্ত হচ্ছেন ট্রলার মালিক, মাছ ব্যবসায়ী, শ্রমিক এবং এই শিল্পের সঙ্গে জড়িত হাজারো মানুষ।

কাউখালীতে প্রথম জাতীয় পল্লী

প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মনজুর, এমপি-র উপস্থিত থাকার কথা থাকলেও অনিবার্য কারণে তিনি যোগ দিতে পারেননি। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসাদুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। বিআরডিবি-এর উপজেলা কর্মকর্তা মাসুম মিয়ার সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল হান্নান, কাউখালী থানার পরিদর্শক (তদন্ত) এবাদ আলী, শিক্ষক নেতা মিজানুর রহমান, গ্রিন ফোর্স বাংলাদেশ কাউখালী উপজেলা সভাপতি ও সাংবাদিক এনামুল হক, সাংবাদিক রিয়াদ মাহমুদ শিকদার এবং রফিকুল ইসলাম প্রমুখ। আলোচনা সভায় বক্তারা বলেন, টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিত করতে সরকারি-বেসরকারি উদ্যোগের পাশাপাশি জনগণের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরি। গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করতে হলে কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও সামাজিক সচেতনতা বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে। অনুষ্ঠান শেষে বাল্যবিয়ে রোধে অনন্য দৃষ্টান্ত স্থাপন করায় একটি বিশেষ উদ্যোগ নেওয়া হয়। ১৮ বছর বয়স পূর্ণ হওয়ার আগে বিয়ে না করার অঙ্গীকার রক্ষা করায় কেউন্দিয়া শহীদ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের দুই ছাত্রী রিতা আক্তার ও জান্নাতুল নাদিরাকে বিআরডিবি-এর পক্ষ থেকে কিশোরী সংঘের ২২ হাজার ৯০০ টাকা করে আর্থিক সহায়তার চেক তুলে দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান। এছাড়া অনুষ্ঠানে বিভিন্ন সমবায় সমিতির সফল কার্যক্রম ও বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে সংশ্লিষ্টদের মাঝে ক্রেস্ট প্রদান করা হয়। এ সময় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, সমবায় সমিতির নেতৃবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

একটি গাছ কাটলে ৫টি গাছ

সকলকে ঐক্যবদ্ধ থেকে কাজ করার আহ্বান জানান। মুলাদী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ গোলাম সারোয়ারের সভাপতিত্বে ও পল্লী উন্নয়ন কর্মকর্তা এইচ এম সুমনের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মুলাদী উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ মনিরুল ইসলাম, উপজেলা বিএনপির আহবায়ক অধ্যাপক শরীয়ত উল্লাহ, সদস্য সচিব কাজী কামাল হোসেন, পৌরসভা বিএনপির আহবায়ক এনামুল হক ইনু, উপজেলা পল্লী উন্নয়ন সভাপতি ও পৌরসভা যুবদলের আহ্বায়ক রফিকুল ইসলাম ঢালী সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার ভূমি পরাগ সাহা, থানা অফিসার ইনচার্জ মোঃ সোহেল, উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক অধ্যক্ষ আবিদুর রহমান হুমায়ুন, পৌরসভা বিএনপি'র সদস্য সচিব মিজানুর রহমান হাওলাদার, সিনিয়র যুগ্ম আহবায়ক হাবিবুর রহমান সাবু হাওলাদার, উপজেলা যুবদলের আহ্বায়ক মিজানুর রহমান হাওলাদার, উপজেলা ছাত্রদল আহ্বায়ক মহিউদ্দিন ঢালী, সদস্য সচিব জুলফিকার আহমেদ বিল্লাল সহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

বরিশালে মাছ কিনতে হিমশিম

৭০০ টাকা, টাকি ২২০ থেকে ২৫০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া তেলাপিয়া ১২০ টাকা থেকে ১৬০ টাকা কেজি ও পাঙাশ ১৫০ থেকে ১৮০ টাকা পর্যন্ত কেজিতে বিক্রি হচ্ছে। পাশাপাশি আগের তুলনায় বেড়েছে সামুদ্রিক মাছের দামও। পোর্ট রোড মাছের বাজারে আসা দেলোয়ার হোসেন বলেন, 'কিছুদিন আগেও এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছের দাম ১০০০ থেকে ১২০০ টাকা। অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে না পেরে তেলাপিয়া মাছ কিনতে হয়েছে। আরেক ক্রেতা সোহেল বলেন, 'এখন সাধারণ মানুষের পক্ষে ভালো কোনো মাছ কেনা সম্ভব না। আর ইলিশ তো বর্তমানে স্বপ্ন। আগে এক হাজার টাকা নিয়ে বাজারে আসলে মাছ সবজি দুটোই কেনা যাইতো, এখন এক হাজার টাকায় এক ধরনের মাছই কেনা যায় না। তাই সাধ্যের মধ্যে দুই কেজি পাঙাশ মাছ কিনেছি।' এদিকে পাইকারি সবজির বাজার বহুমুখী সিটি মার্কেট ঘুরে দেখা গেছে, বেশ কিছুদিন ধরেই কাঁচামরিচ ২৫ থেকে ৩০ টাকা, শসা ১২ টাকা, বেগুন ৬০ থেকে ৬৫ টাকা, করলা ২০ থেকে ৩০ টাকা, পেঁপে ১৫ থেকে ২০ টাকা, লাউ প্রতি পিস ২০ টাকা, মিষ্টি কুমড়া ২০ টাকা, টমেটো (ইন্ডিয়ান) ৭০ থেকে ৮০ টাকা, চিচিঙ্গা ১০ টাকা, ঝিঙে ১৫ থেকে ২০ টাকা, ঢেঁড়স ১৫ টাকা, পটল ৭ টাকা, লেবু হালি ৫ টাকা দরে বিক্রি হচ্ছে। এসব সবজি খুচরা বাজারে দ্বিগুণ দামে বিক্রি করতে দেখা গেছে। খুচরা বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ ৫০ থেকে ৬০ টাকা, শসা ৩০ টাকা, বেগুন ৮০ থেকে ৯০ টাকা, করলা ৫০ টাকা, পেঁপে ২৫ থেকে ৩০ টাকা, লাউ প্রতি পিস ৩০ টাকা, মিষ্টি কুমড়া ৩০ টাকা, টমেটো (ইন্ডিয়ান) ৯০ থেকে ১০০ টাকা, চিচিঙ্গা ২০ টাকা, ঝিঙে ২৫ থেকে ৩৫ টাকা, ঢেঁড়স ৩০ টাকা, পটল ২০ টাকা, লেবু হালি ১২ থেকে ১৫ টাকা দরে বিক্রি হচ্ছে। এদিকে কিছু দিন ধরেই বরিশালের বাজারে ব্রয়লার মুরগির দাম প্রতি কেজি ১৬০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া সোনালি মুরগি ২৭০ থেকে ২৮০ টাকা এবং লেয়ার ২৯০ থেকে ৩১০ টাকা দরে বিক্রি হচ্ছে। গরুর মাংস ৮০০ টাকা ও খাসির মাংস ১২০০ টাকা কেজি বিক্রি হচ্ছে।

বাংলাদেশ সীমান্তে নতুন ৬ থানা-ফাঁড়ি

পুলিশ সুপার অনুপম সিং জানিয়েছেন, মালদহ জেলার কালিয়াচক থানার গোপালগঞ্জ, বৈষ্ণবনগর থানার কুম্ভীরা ও হাবিবপুর থানার বুলবুল চণ্ডী- এই তিনটি ফাঁড়িকে উন্নত করে নতুন থানা গড়ে তোলা হবে। এছাড়া হবিবপুরের জাজইল ও বামনগোলা থানার জগদল্লা এলাকায় ২টি নতুন ফাঁড়ি ও ইংরেজ বাজারের লুকোচুরি পুলিশ ফাঁড়িকে উন্নীত করার প্রস্তাব দেওয়া হয়েছে। মালদহ জেলার পুলিশ সুপার অনুপম সিং আরও বলেন, আমরা যাতে সীমান্ত অঞ্চলে নজরদারি বাড়াতে পারি ও পুলিশের সঙ্গে জনগণের একটি সম্পর্ক তৈরি করতে পারি, সেই উদ্দেশ্যে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর পাশাপাশি আমরা পুলিশের সংখ্যার বিষয়েও একটি প্রস্তাব পাঠানো হয়েছে। তিনি আরও বলেন, যেহেতু আমাদের সীমান্তবর্তী অঞ্চলে কাজ করতে হয় ও প্রায় সব থানা-ই সীমান্ত অঞ্চল থেকে অনেক দূরে, তাই সেখানে পুলিশের সব ঠিকঠাক রাখা উচিৎ। এতে মানুষ নিরাপদ থাকে। আধা-সামরিক শক্তির সঙ্গে আমাদের সমন্বয় বাড়বে। আমরা সীমান্ত এলাকায় নজরদারি বাড়াতে পারবো। এছাড়া অনুপ্রবেশের যেসব ঘটনা ঘটছে, সেগুলো আটকাতে সক্ষম হবো। চোরা চালান আটকাতে পারবো। সামগ্রিকভাবে পুলিশ ও সাধারণ জনগণের সম্পর্কটাও ঠিক থাকবে। এ বিষয়ে সীমান্ত অঞ্চলের স্থানীয় বাসিন্দারাদের ভাষ্য, নতুন করে পুলিশ ফাঁড়ি হলে তাদের সুবিধা হবে। রাজ্য পুলিশ ও সীমান্তরক্ষী বাহিনী যৌথভাবে কাজ করবে। সাধারণ মানুষ প্রশাসনের কাছ থেকে সব ধরনের সহযোগিতা পাবে।

ট্রাম্পের এক ফোনেই বদলে গেলো

নেই। কিন্তু যুক্তরাষ্ট্রে বিশ্বকাপ আয়োজন করতে গিয়ে ফিফা দেখছে নানান অনিয়ম। সাধারণ মানুষ দেখছে যুক্তরাষ্ট্র প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অযাচিত হস্তক্ষেপে নষ্ট হচ্ছে বিশ্বকাপের সৌন্দর্য। বিশ্বকাপের মাঠে এখন পর্যন্ত সরাসরি দেখা যায়নি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে। কিন্তু মাঠের বাইরে নেপথ্যে তার ভূমিকা নিয়েই এখন সবচেয়ে বেশি আলোচনা। যুক্তরাষ্ট্রের স্ট্রাইকার ফোলারিন বালোগুনের লাল কার্ড বাতিল করে ফিফা যে নজিরবিহীন সিদ্ধান্ত নিয়েছে, তার পেছনে ট্রাম্পের হস্তক্ষেপ ছিল কি না- সেই প্রশ্নই এখন ঘুরপাক খাচ্ছে ফুটবল বিশ্বে। সোমবার বেলজিয়ামের বিপক্ষে শেষ ষোলোর ম্যাচের আগে হঠাৎ করেই ফিফা ঘোষণা দেয়, বালোগুনের এক ম্যাচের নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়েছে। ফলে তিনি শেষ ষোলোর ম্যাচে খেলতে পারবেন। এই ঘোষণার কিছুক্ষণ পরই ট্রাম্প নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে লেখেন, 'যা সঠিক ছিল, সেটাই করেছে ফিফা। একটি বড় অন্যায়ের সংশোধন করার জন্য ধন্যবাদ।' শেষ ৩২-এর ম্যাচে বসনিয়া ও হার্জেগোভিনার বিপক্ষে ২-০ ব্যবধানে জয়ের ম্যাচে যুক্তরাষ্ট্রের প্রথম গোলটি করেছিলেন ফোলারিন বালোগুন। তবে ম্যাচের এক পর্যায়ে প্রতিপক্ষ ডিফেন্ডার তারিক মুহারেমোভিচের সঙ্গে একটি চ্যালেঞ্জে জড়িয়ে পড়েন তিনি। মাঠের রেফারি রাফায়েল ক্লাউস প্রথমে কোনো ফাউলই দেননি। কিন্তু ভিডিও অ্যাসিস্ট্যান্ট রেফারির (ভিএআর) পরামর্শে মনিটরে গিয়ে রিপ্লে দেখে সরাসরি লাল কার্ড দেখান বালোগুনকে। ধীরগতির রিপ্লেতে দেখা যায়, বলে ট্যাকল করার পর তার পা প্রতিপক্ষের গোড়ালির ওপর পড়ে। ফিফা পরে জানায়, এটি 'গুরুতর ফাউল' হিসেবে বিবেচিত হওয়ায় তাকে স্বয়ংক্রিয়ভাবে এক ম্যাচ নিষিদ্ধ থাকতে হবে। ঘটনার পর যুক্তরাষ্ট্র ফুটবল ফেডারেশন ও ফিফা- দুই পক্ষই জানিয়েছিল, সরাসরি লাল কার্ডের বিরুদ্ধে আপিলের কোনো সুযোগ নেই। ফিফার শৃঙ্খলা বিধিও সেটিই বলে। কিন্তু ঠিক দুদিন পর সেই অবস্থানই পাল্টে যায়। রোববার ফিফা জানায়, তাদের ডিসিপ্লিনারি কোডের অনুচ্ছেদ ২৭ অনুযায়ী বিচার বিভাগীয় কমিটি বিশেষ পরিস্থিতিতে কোনো শাস্তি আংশিক বা পুরোপুরি স্থগিত করতে পারে। সেই ক্ষমতাবলেই বালোগুনের এক ম্যাচের নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়েছে। তবে লাল কার্ডটি পুরোপুরি বাতিল হয়নি। এটি এক বছরের জন্য তার রেকর্ডে থাকবে। এই সময়ের মধ্যে একই ধরনের গুরুতর অপরাধ করলে তখন এই এক ম্যাচের নিষেধাজ্ঞা কার্যকর হবে। সমালোচকদের মতে, ফিফা নিজেদেরই প্রতিষ্ঠিত নিয়ম ভেঙেছে। কারণ বিশ্বকাপের প্রতিযোগিতা বিধিমালা, সার্কুলার এবং ম্যাচপূর্ব সমন্বয় সভাগুলোয় স্পষ্টভাবে জানানো হয়েছিল, সরাসরি লাল কার্ডের পর স্বয়ংক্রিয় নিষেধাজ্ঞা কার্যকর হবে। ফলে ফিফার এই সিদ্ধান্তকে অনেকে নজিরবিহীন এবং বিতর্কিত বলছেন। ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান জানিয়েছে, বিশ্বস্ত সূত্রের দাবি অনুযায়ী, বুধবার থেকে শুরু করে ট্রাম্প অন্তত তিনবার ফিফার সঙ্গে যোগাযোগ করেন, যাতে বালোগুনের নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়। হোয়াইট হাউজ এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি। ফিফাও বিষয়টি নিয়ে আনুষ্ঠানিকভাবে কিছু বলেনি। আরও কিছু প্রতিবেদনে দাবি করা হয়েছে, হোয়াইট হাউজের ওয়ার্ল্ড কাপ টাস্কফোর্স- যার নেতৃত্বে আছেন অ্যান্ড্রু জুলিয়ানি, ভিডিও রিপ্লেতে ধীরগতির ফুটেজ ব্যবহার করে সিদ্ধান্ত নেওয়ার বৈধতা নিয়েও আইনি যুক্তি তুলে ধরেছিল। যদি সেটিই সত্যি হয়, তাহলে ভবিষ্যতে ভিএআরভিত্তিক শাস্তির বিরুদ্ধে আইনি চ্যালেঞ্জের নতুন দরজা খুলে যেতে পারে।

পরীক্ষার হলে অসুস্থ এইচএসসি

হাসপাতালে নেওয়া হয়। হাদিসুর রহমান বলেন, একজন পরীক্ষার্থী অসুস্থ হওয়ার খবর পেয়ে দ্রুত অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা হয়। পরে তাকে হাসপাতালে পাঠিয়ে চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করা হয়। ঝালকাঠি সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ইলিয়াস ব্যাপারী বলেন, পরীক্ষার হলে শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ার পর ছাত্রদলের নেতাকর্মীরা তাকে দ্রুত অ্যাম্বুলেন্সে করে হাসপাতালে নিয়ে যান। তাদের এই মানবিক উদ্যোগ প্রশংসার দাবিদার। কলেজের পক্ষ থেকেও শিক্ষার্থীর খোঁজখবর নেওয়া হচ্ছে।

ভারী বর্ষণে ঝালকাঠিতে নিম্নাঞ্চল

কাছাকাছি। তলিয়ে গেছে নদীতীরবর্তী এলাকার সড়ক ও ফসলি জমি। এতে ভোগান্তিতে পড়েছেন সাধারণ মানুষ, বিশেষ করে যারা প্রতিদিন কাজের সন্ধানে বের হন। সবচেয়ে বেশি ক্ষতির আশঙ্কায় রয়েছেন আমন মৌসুমের কৃষকরা। পানিতে তলিয়ে যাওয়ায় অনেক স্থানের বীজতলা ইতোমধ্যে ক্ষতিগ্রস্ত হয়েছে। কৃষকদের আশঙ্কা, পানি আরও বাড়লে রোপণের জন্য প্রস্তুত করা বীজ পুরোপুরি নষ্ট হয়ে যেতে পারে। দিনমজুরদের জন্যও পরিস্থিতি কঠিন হয়ে উঠেছে। মাঠে পানি জমে যাওয়ায় অনেকের কাজ বন্ধ হয়ে গেছে, ফলে আয়ের পথ বন্ধ হওয়ার শঙ্কায় রয়েছেন তারা। স্কুলগামী শিক্ষার্থীদেরও পোহাতে হচ্ছে ভোগান্তি। বৃষ্টি ও জলাবদ্ধতার কারণে গ্রামীণ সড়কে চলাচল কঠিন হয়ে পড়েছে, কোথাও কোথাও স্কুলে যাওয়া-আসার পথও ডুবে গেছে। বিষখালী নদীতীরবর্তী চর ভাটারকান্দা এলাকায় নতুন করে দেখা দিয়েছে নদীভাঙনের আতঙ্ক। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, কিছু অংশে ব্লক ফেলে ভাঙন রোধ করা গেলেও বেশ কয়েকটি স্থানে নদীর তীব্র স্রোতে ভাঙন অব্যাহত রয়েছে। ক্ষতিগ্রস্ত জসিম হাওলাদার নামে এক কৃষক বলেন, কষ্ট করে বীজতলা বানাইছিলাম, এখন পানিতে সব ডুবে গেছে। আর কয়দিন পানি থাকলে পুরোটাই নষ্ট হয়ে যাবে। দিনমজুর জলিল বলেন, কয়েকদিনের বৃষ্টিতে কাজ বন্ধ। ঘরে খাবার জোগাড় করাই এখন কঠিন হয়ে গেছে। ঝালকাঠি সদরের তারুলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সালাউদ্দিন সোহাগ বলেন, গ্রামের অনেক সড়ক পানিতে তলিয়ে গেছে। যার কারণে স্কুলে উপস্থিতি কম। শিক্ষার্থীরা বিদ্যালয়ে আসতে পারে না। ঝালকাঠি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. আব্দুল্লাহ আল-মামুন জানান, নিম্নচাপ ও মৌসুমি বায়ুর প্রভাবে জোয়ারের পানি বৃদ্ধি পাওয়ায় জেলার নিম্নাঞ্চল প্লাবিত হচ্ছে। এতে আমনের বীজতলার কিছু ক্ষতি হয়েছে বলে তাদের কাছেও তথ্য এসেছে। তিনি বলেন, ক্ষতিগ্রস্ত এলাকাগুলো পরিদর্শন করে প্রকৃত ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণের কাজ চলছে এবং প্রয়োজনে কৃষকদের পুনরায় বীজতলা তৈরিতে সহায়তা দেওয়া হবে। নদীতীরের বাসিন্দারা জানান, ভারী বৃষ্টি ও নদীর পানি বাড়লেই আতঙ্কে থাকতে হয় তাদের। কখন যে ভাঙনের মুখে বসতভিটা নদীগর্ভে বিলীন হয়ে যায়, সেই শঙ্কা নিয়েই দিন কাটছে তাদের। তারা দ্রুত কার্যকর নদী রক্ষা বাঁধ নির্মাণের দাবি জানান।

হারের পর ব্রাজিলের অর্ধশতাধিক পতাকা

এলাকার বাসিন্দা ও ব্রাজিল সমর্থক তুহিন নিজ উদ্যোগে বেইলি ব্রিজের দুই পাশে অর্ধশতাধিক ব্রাজিলের পতাকা টানিয়েছিলেন। খেলা চলাকালে ব্রিজের দুই পাশজুড়ে উড়তে থাকা পতাকাগুলো পথচারীদের নজর কাড়ে এবং ফুটবলপ্রেমীদের মধ্যে ভিন্নমাত্রার উৎসবের আবহ তৈরি করে। তবে ব্রাজিল টুর্নামেন্ট থেকে বিদায় নেওয়ার পরদিন দুপুরে এক আর্জেন্টিনা সমর্থক এসে একে একে সবগুলো পতাকা খুলে নিয়ে যান বলে অভিযোগ রয়েছে। এ ঘটনাকে ক্রীড়াসুলভ আচরণের পরিপন্থী হিসেবে দেখছেন স্থানীয়রা। এমনকি অনেক আর্জেন্টিনা সমর্থকও বিষয়টিকে সমর্থন করেননি। স্থানীয় আর্জেন্টিনা সমর্থক রাসেল বলেন, খেলার মাঠে হার-জিত থাকবেই, এটাই স্বাভাবিক। কিন্তু প্রতিপক্ষ দল হেরে গেছে বলে তাদের পতাকা খুলে ফেলা কোনো সুস্থ ক্রীড়ামোদীর কাজ হতে পারে না। এ ধরনের খামখেয়ালি আচরণে আর্জেন্টিনা সমর্থকদের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে। ঘটনার পর এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হলেও, যার উদ্যোগে পতাকাগুলো টানানো হয়েছিল সেই ব্রাজিল সমর্থক তুহিনের সঙ্গে তাৎক্ষণিকভাবে যোগাযোগ করা সম্ভব হয়নি। স্থানীয়দের দাবি, ফুটবল নিয়ে উন্মাদনা থাকলেও তা যেন কখনোই প্রতিপক্ষকে হেয় করা বা উসকানিমূলক আচরণে রূপ না নেয়। খেলাকে ঘিরে সৌহার্দ্য ও পারস্পরিক শ্রদ্ধাবোধ বজায় রাখাই একজন প্রকৃত ক্রীড়াপ্রেমীর পরিচয়।

আগৈলঝাড়ায় জাতীয় পল্লী

এইচ এম শাহাদাত প্রমুখ। পরে সুফলভোগীদের মাঝে বিনামুল্যে দুই শত পিচ গাছের চারা ও ম্যানেজার কমিশন ১৯ জন,ক্ষুদ্র ঋণ ৯ জন এবং এসএইম ঋণ ২ জনের মাঝে বিতরণ করা হয়েছে।

ফার্নিচারের অভাবে আটকে গেল

হাসপাতালের যাত্রা শুরু হয় ১৯৮৪ সালে ৩১ শয্যা নিয়ে। পরে ১৯৯৭ সালে ৫০ শয্যার নতুন ভবন নির্মাণ এবং ২০০৫ সালে হাসপাতালটি ১০০ শয্যায় উন্নীত করা হয়। ক্রমবর্ধমান জনসংখ্যা ও চিকিৎসাসেবার চাহিদা বিবেচনায় ২০১৭ সালে ২৫০ শয্যার আধুনিক হাসপাতাল নির্মাণের উদ্যোগ নেয় সরকার। প্রথমে সাততলা ভবনের পরিকল্পনা থাকলেও পরে তা নয়তলায় উন্নীত করা হয়। প্রায় ৭০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হাসপাতালটির মূল ভবনের কাজ ২০২৪ সালের ডিসেম্বরেই শেষ হয়। তবে লিফট, বিদ্যুৎ সংযোগসহ কয়েকটি গুরুত্বপূর্ণ কাজ অসম্পূর্ণ থাকায় হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হয়নি। গণপূর্ত বিভাগ জানিয়েছে, লিফট স্থাপনে আরও দুই থেকে তিন মাস সময় লাগতে পারে। তাই জনস্বার্থে লিফট ছাড়াই নিচের চারটি তলা চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু প্রয়োজনীয় ফার্নিচারের অভাবে সেই উদ্যোগও থমকে গেছে। এদিকে বারবার উদ্বোধনের তারিখ পিছিয়ে যাওয়ায় স্থানীয় বাসিন্দারা তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন। তাদের অভিযোগ, যথাযথ পরিকল্পনা ও সমন্বয়ের অভাবেই হাসপাতালটি চালু করতে বারবার ব্যর্থ হচ্ছে কর্তৃপক্ষ। দ্রুত সব প্রস্তুতি সম্পন্ন করে হাসপাতালটি চালুর দাবি জানিয়েছেন তারা। নিকচন আকন নামে এক রোগীর স্বজন বলেন, 'শুনেছিলাম ৩০ জুনের মধ্যে হাসপাতালটি চালু করা হবে, কিন্তু হলো না। এই পুরানো হাসপাতালে গাদাগাদি করে অনেক রোগীর মাঝে থাকতে আমাদের প্রচণ্ড কষ্ট হচ্ছে। হাসপাতালটি দ্রুত চালু করার দাবি জানাচ্ছি।' স্থানীয় চিকিৎসা প্রত্যাশী রিয়াজ আহমেদ ও হেলাল উদ্দিন ক্ষোভ প্রকাশ করে বলেন, 'দীর্ঘদিন ধরে এই অঞ্চলের মানুষ আধুনিক চিকিৎসাসেবা থেকে বঞ্চিত। নির্দিষ্ট তারিখ দেওয়ার পরও হাসপাতাল চালু না হওয়ায় তারা চরম নিরাশ হয়েছেন। কর্তৃপক্ষের নজরদারির অভাবে এমনটা হয়েছে উল্লেখ করে তারা গণমাধ্যমের মাধ্যমে বিষয়টি দ্রুত উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনার দাবি জানান।' পিরোজপুরের সিভিল সার্জন ডা. মো. মতিউর রহমান বলেন, 'গণপূর্ত বিভাগ আমাদের ৩০ জুনের মধ্যে সবকিছু বুঝিয়ে দেওয়ার কথা বলেছিল। কিন্তু ফার্নিচার ও ফাইনাল ফিনিশিংয়ের কিছু কাজ বাকি থাকায় তারা আমাদের কাছে আরও ১৫ দিনের সময় চেয়েছে। এই সময়ের মধ্যে সব ফার্নিচার সরবরাহ করা সম্ভব হবে বলে তারা জানিয়েছে। ফার্নিচার পাওয়া মাত্রই আমরা হাসপাতালটি উদ্বোধনের ব্যবস্থা নেব।' সিভিল সার্জন আরও উল্লেখ করেন, 'নতুন ভবনটি চালু হলে চিকিৎসক ও জনবলের তীব্র সংকট দেখা দিতে পারে। বিষয়টি উর্ধ্বতন কর্মকর্তাদের জানানো হয়েছে এবং তারা দ্রুত এই সংকট সমাধানের আশ্বাস দিয়েছেন।' জুলাইয়ে চালু ও আইসিইউর আশ্বাস প্রতিমন্ত্রীর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এবং পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য আহমেদ সোহেল মঞ্জুর বলেন, 'বিগত সরকারের সময় এই নতুন ভবনের অনেক কাজ ফেলে রাখা হয়েছিল। আমরা দায়িত্ব নেওয়ার পর থেকেই বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছি, যার ফলে এখন ব্যাপক পরিবর্তন এসেছে। আশা করছি জুলাইয়ের মধ্যেই আমরা হাসপাতালের তিনটি ফ্লোর চালু করতে পারবো। আর অক্টোবরের মধ্যে লিফট চলে আসলে সেটিও চালু করা হবে।' তিনি আরও জানান, 'বিষয়টি নিয়ে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে তার কথা হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী এই হাসপাতালে আইসিইউ ও লাইফ সাপোর্টসহ প্রয়োজনীয় সব আধুনিক চিকিৎসা সরঞ্জাম দেওয়ার আশ্বাস দিয়েছেন। এছাড়া সারা দেশে নতুন চিকিৎসক ও নার্স নিয়োগের যে পরিকল্পনা চলছে, তার মাধ্যমে এই হাসপাতালের জনবল সংকটও দূর করা হবে।'

জিয়ানগরে প্রধানমন্ত্রীর ত্রাণ

অতিথি হিসেবে বক্তব্য রাখেন পিরোজপুর জেলা পরিষদের প্রশাসক ও বিএনপি নির্বাহী কমিটির সদস্য অধ্যক্ষ আলমগীর হোসেন, জেলা বিএনপির আহ্বায়ক নজরুল ইসলাম খান, সদস্য সচিব সাইদুল ইসলাম কিসমত। বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সভাপতি মো. ফরিদ আহমেদ, সাধারণ সম্পাদক আ. রাজ্জাক হাওলাদার, জামায়াতে ইসলামীর আমির মাওলানা আলী হোসেন, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক এইচ এম ফারুক হোসাইন, মাস্তান হাফিজ, পাড়েরহাট ইউনিয়ন বিএনপির সভাপতি মো. নজরুল ইসলাম, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুল কবির তালুকদার, পত্তাশী ইউনিয়ন বিএনপির সভাপতি কবির খান, বালিপাড়া ইউনিয়ন বিএনপির আহ্বায়ক শহিদুল ইসলাম বাবুল, চন্ডীপুর ইউনিয়ন বিএনপির সভাপতি দুলাল ফকির, পত্তাশী ইউপি চেয়ারম্যান শাহিন হাওলাদার, উপজেলা যুবদলের আহ্বায়ক আতিকুর রহমান, উপজেলা ছাত্রদলের আহবায়ক মোঃ আল আমিন হোসেন, সদস্য সচিব সাদিকুর রহমান। উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সদস্য সচিব জুয়েল রানা, শ্রমিক দলের সভাপতি আবুল কালাম হাওলাদার প্রমুখ। অনুষ্ঠান শেষে এমপি সুলতানা জেসমিন জুঁই উপজেলা বিএনপির কার্যালয়ে দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করেন। পরে তিনি জিয়ানগর প্রেসক্লাব ও মেহেউদ্দিন মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করেন এবং উপজেলা প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় অংশ নেন।

শ্রমিকদল নেতা রিপন

আভিযানিক দল অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে। মামলার এজাহার সূত্রে জানা যায়, কৃষিকাজের পাশাপাশি রিপন কাজী শ্রমিকদলের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। পারিবারিক জমিজমা নিয়ে দীর্ঘদিন ধরে অভিযুক্তদের সঙ্গে তাদের বিরোধ চলছিল। নিহতের বাবা একাধিক বিয়ের পর নিজের নামে থাকা জমি অভিযুক্তদের কাছে বিক্রি করলে রিপন কাজী তাতে বাধা দেন। এ নিয়ে উভয় পক্ষের বিরোধ চরমে ওঠে। অভিযোগ রয়েছে, গত ৩০ জুন পূর্বপরিকল্পিতভাবে ওঁৎ পেতে থাকা অভিযুক্তরা দেশীয় অস্ত্র দিয়ে রিপন কাজীর ওপর হামলা চালিয়ে তাকে গুরুতর আহত করেন। তার চিৎকার শুনে স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় নিহতের মা বাদী হয়ে গত ২ জুলাই পটুয়াখালী সদর থানায় হত্যা মামলা দায়ের করেন। র‌্যাব জানায়, হত্যাকাণ্ডের পর থেকেই আসামিদের গ্রেপ্তারে ছায়া তদন্ত শুরু হয়। গ্রেফতার এড়াতে তারা বিভিন্ন এলাকায় আত্মগোপন করে অবস্থান পরিবর্তন করছিলেন। গোয়েন্দা নজরদারি ও তথ্যপ্রযুক্তির সহায়তায় তাদের অবস্থান শনাক্ত করে চট্টগ্রামে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়। র‌্যাব-৮ জানায়, গ্রেফতার দুই আসামিকে পরবর্তী আইনগত প্রক্রিয়ার জন্য চট্টগ্রামের পতেঙ্গা থানায় হস্তান্তর করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করে পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান বলেন, গ্রেফতার দুই আসামিকে আদালতে সোপর্দ করা হয়েছে। মামলার অন্য আসামিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।

ভোলা-চরফ্যাশন আঞ্চলিক

রক্ষা করার চেষ্টা করেন। তখন নিয়ন্ত্রণ হারিয়ে সড়কে উল্টে যায় টমটমটি। এতে গাড়ির নিচে চাপা পড়ে ঘটনাস্থলে মৃত্যুবরণ করেন চালক সজিব। এছাড়া গাড়িটিতে থাকা আহত হেলপারকে উদ্ধার করে চিকিৎসার জন্য পাঠিয়েছেন স্থানীয়রা। বিষয়টি নিশ্চিত করে বোরহানউদ্দিন থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান বলেন, সুরতহাল রিপোর্ট সম্পন্ন করে লাশটি উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

৪ বছর ধরে বিদ্যুৎহীন

অভিযোগ, গত চার বছর ধরে মেঘনা নদীর তলদেশে ছিঁড়ে থাকা সাবমেরিন কেবলটি মেরামত করে পুনরায় মদনপুরের বিদ্যুৎ সংযোগের দাবি জানালেও কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করছে না ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি। সরেজমিনে জানা যায়, মেঘনা নদীবেষ্টিত এ ইউনিয়নটিতে ২০২১ সালের শুরুর দিকে প্রায় ১৫ কোটি টাকা ব্যয়ে সদর উপজেলার তুলাতুলি পয়েন্ট থেকে মেঘনা নদীর তলদেশ দিয়ে সাড়ে চার কিলোমিটার সাবমেরিন কেবলের মাধ্যমে বিদ্যুৎ সংযোগ দেয় ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি। এতে বিদ্যুতের আলোয় নতুনভাবে স্বপ্ন দেখতে শুরু করেন মদনপুর ও পার্শ্ববর্তী কাচিয়া ইউনিয়নের মাঝেরচরের বাসিন্দারা। বসতবাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ নেন পৌনে আটশ গ্রাহক। কিন্তু মাত্র সাত মাসের মাথায় ২০২২ সালের ২৩ জুন সাবমেরিন কেবলটি মেঘনা নদীতে চলাচলকারী একটি অজ্ঞাত জাহাজের নোঙরের সঙ্গে লেগে ছিঁড়ে যায়, এতে ফের অন্ধকারে ডুবে যান ইউনিয়নবাসী। অন্যদিকে বিদ্যুৎ না থাকায় টিভি, ফ্রিজ, ফ্যান, বাতিসহ অন্যান্য বৈদ্যুতিক সামগ্রী অকেজো হয়ে কয়েক লাখ টাকার ক্ষতির সম্মুখীন হয়েছেন বলে দাবি বাসিন্দাদের। পুনরায় ইউনিয়নটিতে বিদ্যুৎ সংযোগ সচল করার দাবিতে সম্প্রতি মদনপুর ইউনিয়নের সর্বস্তরের জনগণের ব্যানারে পাটোয়ারী বাজারে মানববন্ধন করেছেন স্থানীয়রা। এতে সভাপতিত্ব করেন ভোলা জেলা শ্রমিক পার্টির সভাপতি জামাল উদ্দিন। ইউনিয়নটির ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা সাত সন্তানের জননী নুরজাহান বেগম। তার তিন মেয়ে নুপুর, সিমা ও মীম স্কুলে পড়াশোনা করে। তবে স্কুল শেষে তারা বাড়ি ফেরার পর বাড়িতে বিদ্যুৎ না থাকায় রাতে ঠিকমতো পড়াশোনা করতে পারে না। নুরজাহান বেগম বলেন, বিদ্যুতের অভাবে মেয়েরা স্কুল শেষে বাড়ি ফেরার পর রাতে পড়াশোনা করতে পারে না। স্বপ্ন আছে। মেয়েদের উচ্চশিক্ষিত বানানোর, কিন্তু বাড়িতে ঠিকমতো পড়াশোনা করতে না পারলে তারা কীভাবে উচ্চশিক্ষিত হবে? তা ছাড়া মেয়েরা গরমের কারণে অস্থির থাকে। একই আক্ষেপ তার প্রতিবেশী মো. জামাল উদ্দিনেরও। পাটোয়ারী বাজার-সংলগ্ন এলাকার বাসিন্দা মো. আরিফ ও মনির ক্ষোভ প্রকাশ করে বলেন, সাবমেরিন কেবলের মাধ্যমে আমাদের এই মদনপুর ইউনিয়নে পল্লী বিদ্যুতের সংযোগ দেওয়ার পর খুব খুশি হয়েছিলাম আমরা। এরপর বৈদ্যুতিক মিটার নেওয়ার পর বাড়িতে টিভি, ফ্রিজসহ অন্যান্য ৮০ হাজার থেকে ১ লাখ টাকার বৈদ্যুতিক সামগ্রী কিনেছি। কিন্তু সাত মাসের মাথায় নদীতে সাবমেরিন কেবল ছিঁড়ে যাওয়ায় ফের আমরা বিদ্যুৎহীন হয়ে পড়ি, কিন্তু চার বছরেও ছিঁড়ে যাওয়া কেবল মেরামত না করায় আস্তে আস্তে আমাদের সব বৈদ্যুতিক সামগ্রী অকেজো হয়ে পড়ে আমরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছি। একইভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন পুরো মদনপুর ইউনিয়ন ও কাচিয়ার মাঝেরচরবাসী। মো. রাকিব ও ইসমাইল নামে আরও দুই বাসিন্দা অভিযোগ করে বলেন, আমরা দিন এনে দিন খাওয়া মানুষ। এখানে বিদ্যুৎ সংযোগ দেওয়ার পর ধারদেনা করে পল্লী বিদ্যুতের মিটার নামিয়েছি এবং অন্যান্য বৈদ্যুতিক সামগ্রী কিনে দেনাগ্রস্ত হয়েছি, যা এখনো পরিশোধ করতে পারিনি, অথচ এখন বিদ্যুৎই নেই। কিন্তু কর্তৃপক্ষ পুনরায় বিদ্যুৎ সংযোগ দেওয়ার কোনো পদক্ষেপই নিচ্ছে না। ইউনিয়নটি ভোলার শস্যভান্ডার হলেও এখানকার উৎপাদিত সবজি ও অন্যান্য পচনশীল কৃষিপণ্য সংরক্ষণ করা যাচ্ছে না, ফলে এসব নষ্ট হয়ে প্রতিদিনই আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন কৃষক ও ব্যবসায়ীরা বলে জানান ইউনিয়নটির বাসিন্দা ও ভোলা জেলা শ্রমিক পার্টির সভাপতি জামাল উদ্দিন। তিনি বলেন, অর্থনৈতিকভাবে আমরা মারাত্মক ক্ষতির সম্মুখীন হচ্ছি। এখানে কোটি কোটি টাকার কৃষিপণ্য উৎপাদন হচ্ছে। বিদ্যুৎ না থাকার কারণে আমরা কেউই নিরাপদ নই। পুনরায় বিদ্যুৎ সংযোগ দেওয়ার ব্যাপারে পল্লী বিদ্যুতের এক আশ্বাসে চার বছর পেরিয়ে গেছে। ইউপি সদস্য আব্দুল খালেক বলেন, মদনপুর ইউনিয়নে বিদ্যুৎ সংযোগ দেওয়ার বিষয়ে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির আর কোনো মিথ্যা আশ্বাস মানতে রাজি নই। বারবার দাবি জানানো হলেও তারা শুধু আমাদের আশ্বাস দিয়েই যাচ্ছে। আমাদের মদনপুর ইউনিয়নে অতিদ্রুত পুনরায় বিদ্যুৎ সংযোগের দাবি মানা না হলে আমরা কঠোর আন্দোলনে যাব। পুনরায় সাবমেরিন কেবলটি সচল করার জন্য বরাদ্দ ও অর্থের প্রয়োজন বলে জানিয়েছেন ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির মহাব্যবস্থাপক শাহ মো. রাজ্জাকুর রহমান। তিনি বলেন, মেঘনা নদীর তলদেশে থাকা মদনপুর ইউনিয়নের বিদ্যুৎ সঞ্চালনের সাবমেরিন কেবলটি ছিঁড়ে থাকার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এদিকে অতিদ্রুত ইউনিয়নটিতে পুনরায় বিদ্যুৎ সংযোগ প্রদানে ব্যবস্থা নিতে প্রধানমন্ত্রী ও স্থানীয় সংসদ সদস্যের প্রতি আহ্বান জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত বরিশাল।

০৭/০৭/২০২৬ খ্রিঃ

পলাতক আসামীদের আদালতে হাজির হওয়ার বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তফসিলে উল্লেখিত আসামীদের বিরুদ্ধে তাদের নামের পাশের ১নং কলামে বর্ণিত মামলায় গ্রেফতারী পরোয়ানা জারী রয়েছে এবং ১৮৯৮ সনের ফৌজদারী কার্যবিধির ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উল্লেখিত আসামীদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যেহেতু বিজ্ঞ আদালতের বিশ্বাস করার কারণ রয়েছে যে, ৪নং কলামের আসামীরা পলাতক হয়েছে অথবা নিজে আত্মগোপন করেছে। যেহেতু, উক্ত আসামীরা গ্রেফতার হয়ে বিচারের জন্য আদালতে সোপর্দ হওয়ার আশু সম্ভাবনা নাই। সেহেতু বিজ্ঞ আদালতের আদেশের মর্মমতে ফৌজদারী কার্যবিধির ৩৩৯/বি(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলের ৪নং কলামের আসামীদেরকে ১নং কলামে বর্ণিত মামলায় বিচারের জন্য অত্র বিজ্ঞ জারী হওয়ার ১৫(পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট আদালতে হাজির হওয়ার জন্য এতদ্বারা নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় তাদের অনুপস্থিতিতে বিচারকার্য সম্পন্ন করা হবে।

মামলা নং	বিচারাধীন আদালতের নাম	ধারা	পলাতক আসামীর নাম ও ঠিকানা
সি আর মামলা নং ১১৮৬/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃ জেসমিন, পিতাঃ আঃ মন্নান, সাকিনঃ বাশবুনিয়া, পোঃ বরগুনা ৮৭০০, থানাঃ বরগুনা সদর, জেলাঃ বরগুনা।
সি আর মামলা নং ২০১৩/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃ শাহিদা আক্তার,স্বামী মোঃ শাহ আলম হাং, সাংঃ খেপুপাড়া ৮৬৫০, থানাঃ কলাপাড়া, জেলাঃ পটুয়াখালি।
সি আর মামলা নং ২০২৭/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃ রোকেয়া বেগম, স্বামীঃমনির হাওলাদার,গ্রামঃ বাদুরতলি, পোঃ খেপুপাড়া ৮৬৫০,থানাঃকলাপাড়া, জেলাঃ পটুয়াখালী।
সি আর মামলা নং ২০১৫/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	আফজাল হোসেন, পিতাঃ আমজাদ হোসেন,গ্রামঃ হাজী বাড়ি,নলিগঞ্জ,পোঃ ফরিদগঞ্জ ৮৬৫০,থানাঃ কলাপাড়া,জেলাঃ পটুয়াখালী।
সি আর মামলা নং ৭০৯/২০২৪	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃখাদিজা বেগম,স্বামীঃ মোঃ আমিনুল ইসলাম,মাতাঃ রাবেয়া বেগম,সাং মিয়া বাড়ি,পোঃ দুমকি ৮৬০২,থানাঃ দুমকি,জেলাঃ পটুয়াখালী।
সি আর মামলা নং ২০২৯/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	রাহিমা খানম ঝর্ণা,স্বামীঃ মোহাম্মদ আলী, সাং নাম ১৬৪,ডাকঃ জিপিও ৯০০০,থানাঃখালিশপুর,খুলনা সিটি কর্পোরেশন, জেলাঃ খুলনা।
সি আর মামলা নং ২০০৫/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই এ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃখাদিজা বেগম,স্বামীঃমোঃ সুলতান আহমেদ,সাংঃ ফকির বাড়ি, ডাকঃ শিকারপুর, ৮২২৪,থানাঃ উজিরপুর,জেলাঃবরিশাল।

(এস এম শরিয়ত উল্লাহ)
অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
বরিশাল।

ট্রাম্পের এক ফোনেই বদলে গেলো ফিফার সিদ্ধান্ত! প্রশ্নের মুখে বিশ্বকাপ

কীর্তনখোলা ডেস্ক
ফিফাকে বলা হয় রাষ্ট্রের চেয়েও বড় রাষ্ট্র, জাতিসংঘের চেয়েও শক্তিশালী প্রতিষ্ঠান। ফিফার নিয়মের ব্যত্যয় পৃথিবীর যে কোনো ক্ষমতাধর রাষ্ট্রকেও কাঠগড়ায় দাঁড় করিয়ে দেয়। ফিফার আইন লঙ্ঘন করার অধিকার বা শক্তি কারও ৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৭ জুলাই ২০২৬ ॥ ২২ আষাঢ় ১৪৩৩

বাংলাদেশ সীমান্তে নতুন ৬ থানা-ফাঁড়ি নির্মাণ করছে পশ্চিমবঙ্গ পুলিশ

কীর্তনখোলা ডেস্ক
পশ্চিমবঙ্গের মালদহ জেলার বাংলাদেশ সীমান্তে নতুন তিনটি থানা ও ৩টি পুলিশ ফাঁড়ি নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। রাজ্য পুলিশের দাবি, স্থানীয় বাসিন্দা ও দেশের নিরাপত্তা নিশ্চিত করতেই পদক্ষেপ। এই বিষয়ে মালদহ জেলার ৩ এর পাতায় দেখুন

ফার্নিচারের অভাবে আটকে গেল ২৫০ শয্যা হাসপাতালের উদ্বোধন

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুরের ২৫০ শয্যার আধুনিক জেলা হাসপাতালটি দীর্ঘ প্রতীক্ষার পর গত ৩০ জুন চালু হওয়ার কথা থাকলেও প্রয়োজনীয় আসবাবপত্র ও আনুষঙ্গিক প্রস্তুতি সম্পন্ন না হওয়ায় নির্ধারিত সময়েও উদ্বোধন করা সম্ভব হয়নি। ফলে পিরোজপুরসহ আশপাশের জেলার প্রায় ২০ লাখ মানুষের উন্নত চিকিৎসাসেবা পাওয়ার প্রত্যাশা আবারও অনিশ্চয়তার মুখে পড়েছে। বারবার উদ্বোধনের তারিখ পরিবর্তন হওয়ায় স্থানীয়দের মধ্যে ক্ষোভ ও হতাশা বাড়ছে। স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে, হাসপাতালের লিফট এখনো স্থাপন না হওয়ায় প্রাথমিকভাবে নিচের চারটি তলা চালু করে চিকিৎসাসেবা শুরু করার পরিকল্পনা নেওয়া হয়েছিল। সেই অনুযায়ী ৩০ জুন সম্ভাব্য উদ্বোধনের তারিখও নির্ধারণ করা হয়। কিন্তু শেষ মুহূর্তে প্রয়োজনীয় ফার্নিচার সময়মতো সরবরাহ না হওয়ায় সেই পরিকল্পনা বাস্তবায়ন করা যায়নি। পিরোজপুর সদর
৩ এর পাতায় দেখুন

হারের পর ব্রাজিলের অর্ধশতাধিক পতাকা খুলে নিলেন আর্জেন্টিনার সমর্থকরা!

বাউফল প্রতিনিধি
নরওয়ের সঙ্গে বাঁচা-মরার লড়াইয়ে ব্রাজিলের পরাজয়ের দেশটির পতাকা খুলে নিয়েছেন আর্জেন্টিনার সমর্থকরা। এমনই ঘটনা ঘটেছে পটুয়াখালীর বাউফল উপজেলায়। ঘটনাটি নিয়ে এলাকায় ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। এমন আচরণকে ক্রীড়াসুলভ মনোভাবের পরিপন্থি বলে মন্তব্য করেছেন স্থানীয়রা। সোমবার (৬ জুলাই) দুপুরে উপজেলার গোলাবাড়ি বেইলি ব্রিজের দুই পাশে টানানো পতাকাগুলো খুলে নেওয়া হয়। স্থানীয় সূত্র জানায়, বিশ্বকাপ ফুটবলকে ঘিরে উৎসবের আমেজে গোলাবাড়ি ৩ এর পাতায় দেখুন

ভারী বর্ষণে ঝালকাঠিতে নিম্নাঞ্চল প্লাবিত, আতঙ্কে নদীতীরের মানুষ

ঝালকাঠি প্রতিনিধি
নিম্নচাপ ও মৌসুমি বায়ুর প্রভাবে জোয়ারের পানি বৃদ্ধি এবং টানা বৃষ্টিতে ঝালকাঠি জেলার নিম্নাঞ্চল প্লাবিত হচ্ছে। সুগন্ধা ও বিষখালী নদীর পানি বেড়ে প্লাবিত হচ্ছে নিম্নাঞ্চল, তলিয়ে যাচ্ছে কৃষিজমি। আমন ধানের বীজতলা নষ্ট হওয়ার শঙ্কায় দুশ্চিন্তায় দিন কাটাচ্ছেন কৃষকরা। এ ছাড়া ভাঙনের আতঙ্কে দিন কাটছে নদীতীরের অসংখ্য পরিবারের। সোমবার (৬ জুলাই) সকাল থেকে ঝালকাঠির আকাশ ছিল মেঘাচ্ছন্ন। থেমে থেমে গুঁড়িগুঁড়ি ও ঝড়ো বৃষ্টির সঙ্গে জোয়ারের প্রভাবে সুগন্ধা ও বিষখালী নদীর পানি স্বাভাবিকের তুলনায় দেড় থেকে দুই ফুট পর্যন্ত বেড়ে গেছে। এতে জেলার বিভিন্ন নিম্নাঞ্চলে পানি ঢুকে পড়েছে। সরেজমিনে দেখা যায়, নদীর পানি বেড়ে যাওয়ায় বিভিন্ন এলাকায় পানি পৌঁছে গেছে বেড়িবাঁধের ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় জাতীয় পল্লী উন্নয়ন দিবস পালিত

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়া উপজেলায় জাতীয় পল্লী উন্নয়ন দিবস উপলক্ষে র‌্যালী, ও আলোচনা সভা ও গাছের চারা বিতরণ করা হয়েছে। উপজেলা প্রসাশন ও পল্লী উন্নয়ন (বিআরডিবি) অফিসের উদ্যেগে গতকাল সোমবার সকালে উপজেলা পরিষদ চত্তর থেকে র‌্যালী বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে চত্তরে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ হলরুমে উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বনিক'এর সভাপতিত্বে পল্লী উন্নয়ন দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো.আমজাদ হোসেন, উপজেলা বিএনপি'র আহবায়ক(ভারপ্রাপ্ত) সিকদার হাফিজুল ইসলাম, বিআরডিবি চেয়ারম্যান আক্তারুজ্জামান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
৩ এর পাতায় দেখুন

পরীক্ষার হলে অসুস্থ এইচএসসি পরীক্ষার্থী হাসপাতালে পৌঁছে দিল ছাত্রদল

ঝালকাঠি প্রতিনিধি
পরীক্ষা চলাকালে এক পরীক্ষার্থী অসুস্থ হয়ে পড়লে তাকে দ্রুত হাসপাতালে নিতে সহায়তা করেছেন ঝালকাঠি সরকারি কলেজ ছাত্রদলের নেতাকর্মীরা। সোমবার (৬ জুলাই) সকাল সাড়ে ১০টার দিকে ঝালকাঠি সরকারি কলেজ কেন্দ্রের এইচএসসি ইংরেজি প্রথম পত্র পরীক্ষা চলাকালে এ ঘটনা ঘটে। অসুস্থ শিক্ষার্থী আখি মণ্ডল ঝালকাঠি সরকারি মহিলা কলেজের বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থী। প্রত্যক্ষদর্শীরা জানান, পরীক্ষা চলাকালে আঁখি মণ্ডল হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। বিষয়টি জানার পর ঝালকাঠি সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি হাদিসুর রহমান একটি অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করেন। পরে তাকে ঝালকাঠি সদর
৩ এর পাতায় দেখুন

বরিশালে মাছ কিনতে হিমশিম খাচ্ছেন সাধারণ মানুষ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে বাজারে গিয়ে মাছের চড়া দাম দেখে হিমশিম খাচ্ছে সাধারণ মানুষ। অনেকেই চাহিদা অনুযায়ী মাছ কিনতে না পেরে তেলাপিয়া ও পাঙাশ মাছ কিনে বাড়ি ফিরছেন। তবে কিছুদিন ধরে স্বস্তি বিরাজ করছে সবজির বাজারে। সোমবার (৬ জুলাই) সকালে বরিশাল নগরীর পোর্ট রোড, মাছের বাজার ও বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে এমন চিত্র। মাছের বাজার ঘুরে দেখা গেছে, সব ধরনের মাছের দাম আগের তুলনায় অনেক বেড়েছে। রুই মাছ প্রতি কেজি আকার ভেদে ২৫০ থেকে ৫০০ টাকা, কাতল আকার ভেদে ২২০ থেকে ৫৫০ টাকা, চিংড়ি ৮৫০ থেকে ১৩০০ টাকা, ভেটকি ৪০০ থেকে ৫৫০, পাবদা ৩৫০ থেকে ৪০০ টাকা, টেংরা ৫০০ থেকে
৩ এর পাতায় দেখুন

উত্তাল সাগরে থমকে গেছে মাছ শিকার চরম সংকটে জেলে পরিবার

বরগুনা প্রতিনিধি
গভীর বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে উত্তাল হয়ে উঠেছে সাগর। বৈরী আবহাওয়া আর পায়রা সমুদ্রবন্দরে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত জারির কারণে থেমে গেছে মাছ শিকারের সব কার্যক্রম। জীবন বাঁচাতে খালি হাতেই গভীর সাগর ছেড়ে নিরাপদ আশ্রয়ে

সারি ট্রলার এখন নোঙর করে আছে পাথরঘাটা বিএফডিসি মৎস্য অবতরণ কেন্দ্র, পদ্মার স্লুইস খাল, বাদুরতলা, জিনতলা ও কাকচিড়া খালসহ বিভিন্ন স্থানে। অথচ প্রতিটি ট্রলারের সঙ্গে জড়িয়ে আছে অসংখ্য পরিবারের জীবিকা ও বেঁচে থাকার স্বপ্ন। সোমবার (৬ ফিরতে বাধ্য হয়েছেন বরগুনার পাথরঘাটাসহ উপকূলীয় বিভিন্ন এলাকার সহস্রাধিক জেলে। সারি জুলাই) সরেজমিনে দেখা যায়, একসময় মাছে ভরে ফেরার প্রত্যাশায় ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে এইচএসসি পরীক্ষায় নকলের দায়ে দুই পরীক্ষার্থী বহিষ্কার

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে চলমান এইচএসসি পরীক্ষায় নকলের দায়ে দুই পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। সোমবার (৬ জুলাই) উপজেলার মাহিলাড়া ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্রে ইংরেজি প্রথম পত্র পরীক্ষা চলাকালে তাদের বহিষ্কার করা হয়। কেন্দ্র সূত্রে জানা গেছে, সকাল ১০টায় শুরু হওয়া ইংরেজি প্রথম পত্রের পরীক্ষায় কেন্দ্রে ৫২৭ জন পরীক্ষার্থী অংশ নেন। পরীক্ষা চলাকালে বেলা ১১টার দিকে কেন্দ্র পরিদর্শনে যান উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ইব্রাহীম। এ সময় দুই পরীক্ষার্থীকে ৩ এর পাতায় দেখুন

৪ বছর ধরে বিদ্যুৎহীন ২০ হাজার মানুষ

ভোলা প্রতিনিধি
মাটিতে পোঁতা রয়েছে শতশত বৈদ্যুতিক খুঁটি। খুঁটিতে টানা রয়েছে কয়েক কিলোমিটারজুড়ে বৈদ্যুতিক কেবল, কিন্তু তারপরও গত চার বছর ধরে বিদ্যুতের সংযোগ নেই শস্যভান্ডার খ্যাত ভোলার দৌলতখান উপজেলার বিচ্ছিন্ন মদনপুর ইউনিয়নে। এতে মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে সেখানকার প্রায় ২০ হাজার বাসিন্দার জীবনমান ও ব্যবসা-বাণিজ্য। স্থানীয়দের ৩ এর পাতায় দেখুন

ভোলা-চরফ্যাশন আঞ্চলিক মহাসড়কে টমটম উল্টে চালক নিহত

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিনে নিয়ন্ত্রণ হারিয়ে দ্রুতগতির একটি ডিজেল ইঞ্জিনচালিত টমটম উল্টে মো. সজিব (২৪) নামের এক চালক নিহত হয়েছেন। এ ঘটনায় গাড়িতে থাকা হেলপার গুরুতর আহত হয়েছেন। সোমবার (৬ জুলাই) দুপুর পৌনে ১টার দিকে বোরহানউদ্দিন উপজেলার মনিরাম ও কুঞ্জেরহাট সংলগ্ন এলাকার মধ্যবর্তী বটতলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত সজিব একই উপজেলার কাচিয়া ইউনিয়নের পদ্মা মনসা গ্রামের বাসিন্দা রতন হাওলাদারের ছেলে বলে জানা গেছে। পুলিশ ও স্থানীয়রা জানান, একজন হেলপারকে নিয়ে টমটম গাড়ি চালিয়ে মনিরাম থেকে কুঞ্জেরহাট বাজারের দিকে যাচ্ছিলেন সজিব। এসময় হঠাৎ সামনে একটি অটোরিকশা এলে চালক সেটিকে ৩ এর পাতায় দেখুন

আমতলীতে জাতীয় পল্লী উন্নয়ন দিবস পালিত

আমতলী প্রতিনিধি
"উন্নত পল্লী, সমৃদ্ধ দেশ সবার আগে বাংলাদেশ" প্রতিপাদ্যকে সামনে রেখে বরগুনার আমতলী উপজেলায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় পল্লী উন্নয়ন দিবস-২০২৬ উদযাপন করা হয়েছে। সোমবার (৬ জুলাই) সকাল ১০টায় আমতলী উপজেলা পরিষদ মিলনায়তনে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র‌্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মুহাম্মদ জাফর আরিফ চৌধুরী। অনুষ্ঠান পরিচালনা করেন আমতলী প্রেসক্লাবের সভাপতি রেজাউল করিম বাদল। শুরুতে পবিত্র কুরআন তিলাওয়াত ও পবিত্র গীতা পাঠের মাধ্যমে অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা শুরু হয়। স্বাগত বক্তব্য দেন বিআরডিবি কর্মকর্তা মো. ফিরোজ আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন
২ এর পাতায় দেখুন

একটি গাছ কাটলে ৫টি গাছ লাগাতে হবে: এমপি জয়নুল

মুলাদী প্রতিনিধি
উন্নত পল্লী সমৃদ্ধ দেশ, সবার আগে বাংলাদেশ প্রতিপাদ্য বিষয়ের আলোকে মূলাদীতে জাতীয় পল্লী উন্নয়ন দিবস উপলক্ষে আলোচনা সভা, র্যালী, বৃক্ষরোপণ, চেক বিতরণ এর আয়োজন করে উপজেলা প্রশাসন ও পল্লী উন্নয়ন অধিদপ্তর। গতকাল সোমবার বিকাল তিনটায় মুলাদী উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মুলাদী-বাবুগঞ্জ আসনের সংসদ সদস্য ও প্যানেল স্পিকার আলহাজ্ব এডভোকেট জয়নুল আবেদীন বলেন একটি গাছ কাটলে কমপক্ষে পাঁচটি গাছ রোপন করতে হবে এছাড়াও তিনি দেশের উন্নয়নে ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে প্রথম জাতীয় পল্লী উন্নয়ন দিবস উদযাপিত

কাউখালী প্রতিনিধি
"উন্নত পল্লী, সমৃদ্ধ দেশ, সবার আগে বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে পিরোজপুরের কাউখালী উপজেলায় প্রথম জাতীয় পল্লী উন্নয়ন দিবস-২০২৬ উদযাপিত হয়েছে। রোববার (৬ জুলাই) সকাল সাড়ে ১০টায় উপজেলা প্রশাসন ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর যৌথ উদ্যোগে দিবসটি উপলক্ষে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালি শেষে গাছের চারা বিতরণ এবং উপজেলা পরিষদ সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গৃহায়ণ ও গণপূর্ত ৩ এর পাতায় দেখুন

শ্রমিকদল নেতা রিপন হত্যা, চট্টগ্রাম থেকে ২ আসামি গ্রেফতার

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলীতে আলোচিত শ্রমিকদল নেতা রিপন কাজী হত্যা মামলার দুই এজাহারভুক্ত আসামিকে চট্টগ্রাম থেকে গ্রেফতার করেছে র‌্যাব। গ্রেফতারকৃতরা হলেন, বরগুনার আমতলী উপজেলার কালিবাড়ী এলাকার মো. রাসেল কাজী (৩২), বাদশা কাজীর ছেলে এবং মো. সোহাগ কাজী (৪২), ফিরোজ কাজীর ছেলে। চট্টগ্রাম মহানগরের পতেঙ্গা থানার ৪১ নম্বর ওয়ার্ড এলাকায় যৌথ অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। র‌্যাব-৮ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে র‌্যাব-৮-এর সিপিসি-১, পটুয়াখালী ক্যাম্প এবং র‌্যাব-৭-এর সদর কোম্পানির একটি যৌথ ৩ এর পাতায় দেখুন

নগরীর কাউনিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের অ্যাডহক কমিটির সভাপতি বরিশাল দক্ষিণ জেলা যুবদলের ভারপ্রাপ্ত সভাপতি মামুন রেজা খানকে প্রধান শিক্ষক ও শিক্ষকবৃন্দ ফুলের শুভেচ্ছা জানান-**কীর্তনখোলা**

জিয়ানগরে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে নগদ অর্থ বিতরণ

জিয়ানগর প্রতিনিধি
পিরোজপুরের জিয়ানগরে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে অসহায় ও দুস্থ মানুষের মাঝে নগদ অর্থ বিতরণ করা হয়েছে। সোমবার (৬ জুলাই) দুপুর ১২টায় উপজেলা পরিষদ হলরুমে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য সুলতানা জেসমিন জুঁই। উপজেলা নির্বাহী কর্মকর্তা হাসান মো. হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে সঞ্চালনা করেন জিয়ানগর রিপোর্টার্স ইউনিটির সভাপতি মো. শাহিদুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com